ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



অভিনয় জগতে আসার আগে কী করতেন তারা

পৃঃ ৫

আইসিসির প্রি-সিডিং' পদ্ধতি নিয়ে প্রশ্ন তুললেন স্টার্ক

পৃঃ ৬



Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৬৯ ● কলকাতা ● ০৭ আষাঢ়, ১৪৩১ ● শনিবার ● ২২ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## সংঘ পরিবার স্বীকার করলেন

# বাংলায় মমতার বিকল্প কোন মুখ নেই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সারসত্যিটা অনেক আগেই সামনে এসেছিল। সঙ্ঘই তা স্বীকার করেছিল। সেটা বছর দেড় আগেকার কথা। সঙ্ঘের মুখপত্রে স্বীকারই করে নেওয়া হয়েছিল বাংলায় নেই মমতা বন্দ্যোপাধ্যায়ের কোনও বিকল্প। কিন্তু তা মানতে চায়নি কেন্দ্রের একক সংখ্যাগরিষ্ঠতায় থাকা নরেন্দ্র মোদির সরকার আর তাঁর দল বিজেপি।

লোকসভা নির্বাচনে নরেন্দ্র মোদির নেতৃত্বে বিজেপি নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেতে ব্যর্থ হওয়ায় সঙ্ঘ নেতৃত্ব উত্তরপ্রদেশ-সহ একাধিক রাজ্যে বিজেপির অন্দরে হস্তক্ষেপ বাড়াতে শুরু করেছে বলে মনে করছে গেরুয়া শিবির। সুকান্ত মজুমদার কেন্দ্রীয় প্রতিমন্ত্রী হওয়ার পরে বঙ্গ-বিজেপির নয়া সভাপতি নির্বাচনের ক্ষেত্রেও সঙ্ঘের অভিমত নির্ণায়ক হতে পারে বলে পদ্ম-শিবিরের পর্যবেক্ষণ। তার আগেই এল বড় বার্তা। শুভেন্দু, সুকান্ত, দিলীপরা সহ বঙ্গ-বিজেপির প্রথম সারির কোনও নেতাই যে মানুষের কাছে মমতার বিকল্প মুখ হয়ে উঠতে পারেননি, স্পষ্ট সেই বার্তা দেওয়া হয়েছে সঙ্ঘ মুখপত্র 'স্বস্তিকা'র নিবন্ধে। রাজ্যে নির্বাচনী বিপর্যয় নিয়ে সেখানে লেখা হয়েছে, 'এখনও মমতার কোনও যথার্থ বদলি মুখ বিজেপিতে নেই। তাই প্রশ্ন উঠেছে, বিজেপির কেন্দ্রীয় নেতারা এই খামতি কেন বাঁচিয়ে রাখছেন? বারবার ফায়দা তুলছেন মমতা!' লোকসভা নির্বাচনে রাজ্যজুড়ে প্রচার করেছেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বাংলায় বিজেপির প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রেও তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। কিন্তু শুভেন্দুও মমতার বিপরীতে সমান গ্রহণযোগ্য মুখ হতে পারেননি বলেই সঙ্ঘের নিবন্ধে

এরপর ৩ পাতায়

## কোরান বিকৃত করার অভিযোগে

# পাকিস্তানে এক ব্যক্তিকে খুন করল উন্মত্ত জনতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোরান বিকৃত করার অভিযোগে পাকিস্তানে এক ব্যক্তিকে খুন করল উন্মত্ত জনতা। জানা গিয়েছে, ওই ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ পেয়ে তাঁকে হেফাজতে নিয়েছিল পুলিশ। কিন্তু পুলিশি হেফাজত থেকে ওই ব্যক্তিকে জোর করে বের করে খুন করে জনতা। তার পরে প্রকাশ্যে ঝুলিয়ে দেওয়া হয় ওই ব্যক্তির মৃতদেহ।এই ঘটনায় আরও ক্ষিপ্ত হয়ে থানায় আগুন ধরিয়ে দেয় আমজনতা। থানায় জোর করে ঢুকে অভিযুক্তকে সোজা গুলি করে খুন করা হয়। তার পর অভিযুক্তের মৃতদেহ বের করে এনে ঝুলিয়ে দেওয়া হয় প্রকাশ্যেই। তার পর থেকে ব্যাপক অশান্তি শুরু হয় মাদয়ান এলাকাজুড়ে। হিংসার জেরে ইতিমধ্যেই আহত হয়েছেন আটজন। বিপুল পুলিশবাহিনী মোতায়েন করা হয়েছে এলাকায়।মর্মান্তিক ঘটনাটি ঘটেছে উত্তর-পশ্চিম

এরপর ৩ পাতায়

## শ্রীনগরে সকল ধর্মের মানুষের সাথে

# যোগা দিবসে অংশ নিলেন নরেন্দ্র মোদী



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** ২০২৪ লোকসভা নির্বাচনে জয়ী হয়ে তৃতীয় বারের জন্য শপথ নিয়ে দশম আন্তরজাতিক যোগা দিবস উপলক্ষে শ্রীনগর জম্মু কাশ্মীরে সকল ধর্মের মানুষের সাথে যোগদান করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। কাশ্মীর ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে যোগা দিবসের অনুষ্ঠানটি হয়। সেখানে বৃষ্টির কারণে ইনডোরে যোগ করেন মোদী।আজকের যোগা হলো নিজের ও সমাজের যোগ সূত্রের খবর।

রাষ্ট্রপতি ভবনের সচিবালয়ে ও অন্যান্যদের সাথে সকাল ৭ টায় যোগ দিবসে অংশ নিয়েছিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। দ্রৌপদী মুর্মু পরে বলেন যে "এই যোগ ব্যায়াম করা মানে হল শরীর সুস্থ থাকে মন ভালো থাকে তাই শুধুই শোক দিবসের দিন নয় বছরের প্রতিটি দিন যোগা করা উচিত সকলের।" আবার অন্যদিকে যোগা দিবসে অংশ নিলেন লোকসভার স্পিকার ওম বিড়লা। প্রধানমন্ত্রী বলেন, "গত ১০ বছরে যোগব্যায়ামের মাধ্যমে নতুন অর্থনীতির পথ প্রশস্ত হয়েছে। ঋষিকেশ এবং কাশী থেকে কেরল পর্যন্ত যোগের মাধ্যমে পর্যটনের একটি নতুন সংযোগ দেখা গিয়েছে । সঠিক পদ্ধতিতে যোগব্যায়াম শেখার জন্য সারা বিশ্ব থেকে পর্যটকরা ভারতে

এরপর ৩ পাতায়







এরপর ৩ পাতায়

এরপর ৩ পাতায়

## ভোটের পরই রাজ্য পুলিশের ফের রদবদল



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : লোকসভা নির্বাচনের উষ্ণ হাওয়া শেষ হতেই রাজ্যে ফের উপনির্বাচনের ঝড় আর এরই মধ্যে বিধাননগর পুলিশ কমিশনারেটের কমিশনার গৌরব শর্মাকে বদলি করল নবান্ন। এছাড়া একাধিক জেলার পুলিশ সুপারও বদল করা হল। বীরভূমের জেলাশাসককেও বদল করা হয়। পাশাপাশি জানা যায় যে বিধাননগর পুলিশ কমিশনারেটের কমিশনার বদল করল নবান্ন। এছাড়াও একাধিক জেলার পুলিশ সুপারও বদল করা হল। বীরভূমের জেলাশাসককেও বদলি করা হয়েছে বলে সূত্রের খবর।

২০২৪ সালে লোকসভা নির্বাচন চলার সময় তিন জেলার পুলিশ সুপারকে বদল করেছিল নির্বাচন কমিশন। তালিকায় ছিলেন পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া এবং সুন্দরবন পুলিশ সুপার। গত ১৯ মে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভা ছিল পুরুলিয়ায়। সেই সভার মাত্র আড়াই ঘণ্টার মধ্যে পুরুলিয়ার পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায়কে সরায় নির্বাচন কমিশন। একুশের বিধানসভা নির্বাচনের সময় ডায়মন্ড হারবারের পুলিশ সুপার ছিলেন তিনি। সেই সময়ও তাঁকে সরিয়ে দেওয়া হয়েছিল। ওই তিন পুলিশ সুপারকে ফের স্বপদে বহাল করা হল। আবারও নিজের পদ ফিরে পেলেন পুরুলিয়ার পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায়, পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপার ধৃতিমান সরকার এবং সুন্দরবনের পুলিশ সুপার কোটেশ্বর রাও। এছাড়া বীরভূমের জেলাশাসক শশাঙ্ক শেঠীকেও সরিয়ে দেওয়া হয়েছে। তাছাড়াও এর আগে ভোটের মুখে বদলি হওয়া কাঁথির মহকুমা পুলিশ আধিকারিক, মিনাখাঁর মহকুমা পুলিশ আধিকারিক, পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপারকেও পুরনো পদ ফিরিয়ে দেওয়া হয়। রাজ্যে ফের ভোট উপনির্বাচন চারটি বিধানসভা কেন্দ্রের সেদিকেই তাকিয়ে রাজনৈতিক মহলের একাংশ।

## সুন্দরবনে এবার জলপথ পরিষেবা বাড়ানোর উদ্যোগ



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : এবার সুন্দরবনের নদীতে রো রো সার্ভিস চালু করতে চলেছে রাজ্য সরকার।গোসাবা ও গদখালিতে এই রো রো সার্ভিস খুব শীঘ্রই চালু করবে রাজ্য সরকার। সুন্দরবনের বিভিন্ন জায়গা পরিদর্শনের পর এমনটাই দাবি করলেন পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী।

উত্তর ও দক্ষিণ দুই ২৪ পরগণা জুড়েই রো রো সার্ভিস চালু করতে চলেছে রাজ্য সরকার।দক্ষিণে পাথরপ্রতিমা এবং গোসাবায় এই রো রো সার্ভিস চালুর জন্য যেমন জেটি নির্মাণের পরিকল্পনা নিয়েছে রাজ্য সরকার। তেমনই উত্তর ২৪ পরগণার মাঝেরপাড়া থেকে বামনপুকুরেও এই জেটি নির্মাণের কথা ভাবছে রাজ্যের পরিবহন দপ্তর। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় চিরকালই যোগাযোগ ব্যাবস্থা উন্নয়নের দিকে নজর দিয়ে এসেছেন।বিশেষ করে সুন্দরবন এলাকায় ছোট ছোট দ্বীপগুলোকে শহরাঞ্চলের সঙ্গে যোগাযোগ বাড়ানোর জন্য জোর দিয়েছেন। তাই বৃহস্পতিবার এই রো রো সার্ভিস চালু করার জন্য গোসাবার বিস্তীর্ণ এলাকা পরিদর্শন করেন পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী।এই রো রো সার্ভিস চালু হলে বড় বড় গাড়ি থেকে অ্যাম্বুলেন্স সহজেই পৌঁছে যাবে প্রত্যন্ত দ্বীপগুলোয়।

এমনটাই জানিয়েছেন মন্ত্রী।উল্লেখ্য সুন্দরবনের মোট বনাঞ্চল ১০৮১৩ বর্গ কিমির মধ্যে ৪৭২৬ বর্গ কিমি ভারতীয় ভূখন্ডের,অর্থাৎ সুন্দরবনের ৩৮ শতাংশ ভারতের এবং ৬২ শতাংশ বাংলাদেশের অধীনে। ১৯৮৭ সালে ইউনেস্কো "ওয়ার্ল্ড হেরিটেজ সাইট(বিশ্ব সম্পদ)" ঘোষনা করেন। এবং একই বছরে ২৯ মার্চ "ম্যান এন্ড বায়োস্ফিয়ার(জীব পরিমন্ডল)" ঘোষনা হয়। সুন্দরবনের মোট ১০২টি দ্বীপ,এর মধ্যে ৫৪ টি দ্বীপে জনবসতি এবং ৪৮ টি দ্বীপ নিয়ে ম্যানগ্রোভ বন ও বন্যপ্রাণী। উত্তর ২৪ পরগণার জেলার ৬টি ব্লক ও দক্ষিণ ২৪ পরগণা জেলার ১৩ টি ব্লক নিয়ে সুন্দরবন। সবথেকে বেশী দ্বীপ রয়েছে পাথরপ্রতিমা ব্লকে ১৩ টি,গোসাবায় ৯ টি, নাখানায় ৫ টি, সন্দেশখালিতে ৬ টি,হাড়োয়া ব্লকে ৫ টি। তবে যাতায়াতের সমস্যা ছিল এই ঐতিহ্যের একমাত্র কাঁটা।সেই কাঁটাও এবার দূর করা সম্ভব হবে বলেই আশা করছে রাজ্য সরকার।

## ওয়ানপ্লাস নর্ড CE4 লাইট 5G: আপনার সারাদিনের বিনোদনের সঙ্গী




**ব্যাঙ্গালোর, ২১শে জুন, ২০২৪: নিউজ সারাদিন** : এই সপ্তাহের শুরুতে ওয়ানপ্লাস আরও একটি শক্তিশালী বিনোদন-কেন্দ্রিক প্রোডাক্ট, ওয়ানপ্লাস নর্ড CE4 লাইট 5G এর কথা ঘোষণা করল। ওয়ানপ্লাস নর্ড CE4 লাইট 5G এর স্বতন্ত্র ডিজাইন, 2024 সালে নিয়ে আসবে এক নতুন ফ্রেশ লুক।

নর্ড CE4 লাইট 5G-তে রয়েছে ওআইএস সহ একটি 50MP সোনি লাইটিয়া ক্যামেরা, যা ব্যবহারকারীর হাতের তালু থেকে ফটোগ্রাফির সর্বোত্তম অভিজ্ঞতা দেবে।

এছাড়াও, সারাদিনের বিনোদনের কথা ভেবে তৈরি করা নর্ড CE4 লাইট 5G-এ রয়েছে ওয়ানপ্লাসের সবথেকে বড় ব্যাটারি - 5500 mAh ব্যাটারি সাথে সুবিধাজনক রিভার্স চার্জিং (তারযুক্ত)। ওয়ানপ্লাস নর্ড CE4 লাইট 5G এতটাই শক্তিশালী যে হেডফোন, অ্যাক্সেসরি, এমনকি অন্য ফোনও চার্জ করে ফেলতে পারে। আরও ক্ষমতা যোগ করতে, এই নতুন নর্ড ডিভাইসে রয়েছে 80W SUPERVOOC ফাস্ট চার্জিং।


নর্ড CE4 লাইট 5G-এর অ্যামোলেড ডিসপ্লে দেয় 2,100 nit এর সর্বোচ্চ উজ্জ্বলতা, ঘরের বাইরের দৃশ্যমানতা উল্লেখযোগ্যভাবে বাড়িতে দেয়। এই বৈশিষ্ট্যের সাথে ব্যবহারকারীরা চড়া রোদের মধ্যেও স্বচ্ছন্দ্যে কনটেন্ট দেখতে বা পড়তে পারবেন, চোখও কুঁচকে যাবে না আর ছায়া খোঁজারও দরকার হবে না।

এই সপ্তাহের শুরুতে প্রকাশিত হওয়া ডিভাইসটি একটি নতুন রঙ- মেগা ব্লু-তে পাওয়া যাবে, যার স্বতন্ত্র্য রঙটি কিংবদন্তী ভিডিও গেম চরিত্র মেগা ম্যানের অনুপ্রেরণায় তৈরি করা হয়েছে।

সেরা স্পেসিফিকেশন ও সফটওয়্যার থেকে উদ্বুদ্ধ হয়ে, ওয়ানপ্লাস নর্ড CE4 লাইট 5G অসাধারণ ব্যাটারি লাইফ, রংবাহারি ডিসপ্লের উজ্জ্বলতা ও আরও উন্নত ক্যামেরা কোয়ালিটি দিচ্ছে। ওয়ানপ্লাসের প্রসিদ্ধ অবাধ পারফর্ম্যান্সের জন্য প্রস্তুত হয়ে যান, যা আরও বেশি ব্যবহারকারীর কাছে ওয়ানপ্লাসের নিজস্ব বিশেষত্বযুক্ত ইকোসিস্টেম পৌঁছে দেবে। ২৪শে জুন সন্ধ্যা ৭টায় ওয়ানপ্লাস নর্ড স্পেশাল রিপোর্ট - ওয়ানপ্লাস নর্ড CE4 লাইট 5G এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিন।

নতুন ওয়ানপ্লাস নর্ড CE4 লাইট 5G সম্পর্কে আরও জানতে এবং সাম্প্রতিক আপডেটগুলি পেতে দেখুন oneplus.in ও Amazon।

## আপনার হোম বারের জন্য বিভিন্ন ধরণের রেড ওয়াইন গ্লাস অফার করেছে থিনকিচেন






**কলকাতা, ২১ শে জুন ২০২৪: নিউজ সারাদিন** : আদর্শ হোম বার তৈরি করা একটি নৈপুণ্য, এবং আপনার ওয়াইনের জন্য উপযুক্ত কাচের পাত্র নির্বাচন করা এই মাস্টারপিসের একটি গুরুত্বপূর্ণ অংশ। থিনকিচেন (thinKitchen)-এর সাথে আপনি আদর্শ গ্লাস পেয়ে আপনার ওয়াইন নাইটসগুলিকে ট্রেন্ডি সম্পর্কে পরিণত করতে পারেন যেটি শুধুমাত্র আপনার ওয়াইনের সাথে মানানসই নয়, বরং আপনার বাড়ির বারকে পরিমার্জনার ছোঁয়াও দেয়।

আপনার কাচের পাত্র নির্বাচন করার সময়, লাল এবং সাদা ওয়াইন গ্লাসের মধ্যে পার্থক্য বোঝা গুরুত্বপূর্ণ, কারণ রেড ওয়াইন গ্লাসের মধ্যে রয়েছে চওড়া বাটি যা ট্যানিন কমিয়ে বাতাস প্রবেশ করতে দেয়, জটিল স্বাদ এবং সুগন্ধ প্রকাশ করে। সাদা ওয়াইন গ্লাসে ছোট বাটি ওয়াইন ঠান্ডা রাখতে এবং সরাসরি আপনার নাকে গন্ধ আনতে সাহায্য করে। রান্নাঘর এবং বাড়ির জন্য ১২টি বিভাগ জুড়ে আন্তর্জাতিক কলেকশনের অংশ হিসাবে ঃযরহকরঃপযবহ", প্রতিটি অনুষ্ঠানকে স্মরণীয় করে তোলার জন্য তার বিলাসবহুল, বিশ্বব্যাপী কাচের পাত্র এবং বারওয়ারের একটি যত্ন সহকারে কিউরেটেড অ্যারে অফার করে।

পূর্ণাঙ্গ লাল ওয়াইনের জন্য বোর্দো গ্লাস হল একটি আদর্শ বিকল্প । এই চওড়া-বাটিযুক্ত গ্লাসগুলির একটি দীর্ঘ, সামান্য টেপারড রিম রয়েছে যা ওয়াইনকে শ্বাস নিতে দেয় এবং এর অতি সূক্ষ্ম উপাদানগুলিকেও প্রকাশ করতে দেয়। আপনি যদি সুন্দর এবং মার্জিত গ্লাস সন্ধান করেন, তাহলে ২ এর ডার্টিংটন ক্রিস্টাল ওয়াইন মাস্টার বোর্দো গ্লাস সেটটি আপনার জন্য একটি আদর্শ পছন্দ।

রেড ওয়াইন গ্লাসগুলির মধ্যে বারগান্ডি গ্লাসগুলি হল সবচেয়ে সেরা। বারগান্ডি গ্লাসের বাটিটি চওড়া এবং এটির ওপেনিং অংশটি কিছুটা সংকীর্ণ। লুইগি বোর্মিওলি মাইকেলএঞ্জেলো সিরিজ ওয়াইন, ড্রিঙ্কস এবং বারের প্রয়োজনের জন্য বার গ্লাসের বিস্তৃত পরিসর সরবরাহ করে। জিনফ্যানডেল ওয়াইনের উচ্চ অম্লতা এবং ফ্রুট-ফরোয়ার্ড প্রকৃতির পরিপূরক করার উদ্দেশ্যে জিনফ্যানডেল গ্লাসটি বোর্দো গ্লাসের চেয়ে আকারে সামান্য ছোট বাটিটি ডিজাইন করা হয়েছে। বাটির আকার এবং ফর্ম ওয়াইনের শক্তিশালী বৈশিষ্ট্যগুলির একটি সুষম বিতরণে অবদান রাখে, পাশাপাশি এর সুগন্ধযুক্ত প্রোফাইলকেও উন্নত করে।

সিরাহ/শিরাজ গ্লাসের ডিমের আকৃতির, সামান্য টেপারড বাটিটি জিনফান্ডেল গ্লাসের চেয়ে বড় তবে বোর্দো গ্লাসের চেয়ে ছোট। সমৃদ্ধ, মজবুত ফ্লেভারের নিরবিচ্ছিন্ন ডেলিভারির সাথে, এই ফর্মটি এই শক্তিশালী, মশলাদার ওয়াইনগুলির শক্তিশালী সুগন্ধকে নাকের কাছে পৌঁছে দেয়। বিশ্ব জুড়ে ওয়াইন গ্লাসগুলির মধ্যে সবচেয়ে বড় বাটি হল পিনোট নয়ার গ্লাস! এই চওড়া আকৃতি আপনার ওয়াইনকে শ্বাস নেওয়ার জন্য প্রচুর জায়গা দেয়, যা এর সুগন্ধ এবং স্বাদ বাড়ায়। স্ফটিক-স্বচ্ছতার সাথে, এই গ্লাসটি সেই নাটকীয় ঘূর্ণির জন্য আদর্শ যা আপনাকে ওয়াইন ডান্স দেখতে সক্ষম করে।

নিয়মিত রেড ওয়াইন গ্লাসের তুলনায়, ভিনটেজ পোর্ট গ্লাসগুলি ছোট এবং একটি পাতলা, যার টিউলিপ আকৃতির বাটি রয়েছে। এই নকশা ওয়াইনের শক্তিশালী মিষ্টি এবং পূর্ণাঙ্গ চরিত্রের মধ্যে ভারসাম্যের নিশ্চয়তা দেয়।

উপযুক্ত রেড ওয়াইন গ্লাস নির্বাচন করে আপনার ওয়াইন পান করার অভিজ্ঞতায় উল্লেখযোগ্যভাবে পার্থক্য আনতে পারে। প্রতিটি ধরনের গ্লাস বিভিন্ন লাল ওয়াইনের নির্দিষ্ট বৈশিষ্ট্যগুলিকে উন্নত করার জন্য ডিজাইন করা হয়েছে, যা বোল্ড এবং ট্যানিক থেকে হালকা এবং ফ্রুটি। আপনার আদর্শ ওয়াইনের সাথে যুক্ত করার জন্য আদর্শ গ্লাস নির্বাচন করতে, thinKitchen.in-এ ভিজিট করুন।

## মার্কিন কংগ্রেসের এক প্রতিনিধি দল দেখা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : হাউসের বিদেশ বিষয়ক কমিটির চেয়ারম্যান মাইকেল ম্যাককল-এর নেতৃত্বে মার্কিন কংগ্রেসের ৭ সদস্যের প্রতিনিধিদল আজ দেখা করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে। এই প্রতিনিধিদলে ছিলেন হাউসের প্রাক্তন স্পিকার ন্যানসি পেলোসি, গ্রেগরি মিক্স, মারিয়ানেত মিলার-মিক্স, নিকোলে মিলিওতাকিস, আমেরিশ বাবুলাল্ও অ্যানি বেরা্র এবং জিম ম্যাকগভার্ন।

প্রতিনিধিদলের সদস্যরা প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান, ঐতিহাসিক তৃতীয় বার নির্বাচিত হওয়ার জন্য। ভারতে সম্প্রতি অনুষ্ঠিত বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক নির্বাচনী প্রক্রিয়ার বিশালতা, পরিচ্ছন্নতা ও স্বচ্ছতার গভীর প্রশংসা করেন তাঁরা। ভারত-মার্কিন সম্পর্ককে অত্যন্ত ফলপ্রদ বলে বর্ণনা করে এবং বাণিজ্য, নতুন ও আধুনিকতম প্রযুক্তি, প্রতিরক্ষা, মানুষে মানুষে সম্পর্ক সহ সর্বক্ষেত্রে সার্বিক কৌশলগত আন্তর্জাতিক অংশীদারিত্ব আরও গভীর করার জন্য জোরালো সমর্থনের কথা জানায় প্রতিনিধিদলটি।

প্রধানমন্ত্রী গণতান্ত্রিক মূল্যবোধ, আইনের প্রতি শ্রদ্ধা এবং মানুষে মানুষে গভীর সম্পর্কের ওপর নির্ভরশীল ভারত-মার্কিন মৈত্রীকে এগিয়ে নিয়ে যেতে মার্কিন কংগ্রেসের নিরবচ্ছিন্ন সমর্থনের উল্লেখযোগ্য ভূমিকার কথা তুলে ধরেন। তিনি বিশ্বের কল্যাণে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও জোরালো করার দায়বদ্ধতা পুনরায় প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী গত বছর জুন মাসে মার্কিন যুক্তরাষ্ট্রে তাঁর সরকারি সফরের কথা উল্লেখ করেন যেখানে ঐতিহাসিক দ্বিতীয় বারের জন্য মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে তিনি ভাষণ দেওয়ার সুযোগ পেয়েছিলেন।






## মুম্বাই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (এমআইএফএফ) ২০২৪-এ বিশ্বের শ্রেষ্ঠ চলচ্চিত্র প্রদর্শিত হচ্ছে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : অষ্টাদশ মুম্বাই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (এমআইএফএফ) ২০২৪ - এর সমাপ্তি আগামীকাল। সারা বিশ্ব ও দেশের চলচ্চিত্র প্রেমীদের কাছে এই উৎসব সত্যিই অসাধারণ এক অভিজ্ঞতার সঞ্চার করেছে। এ বছর এই উৎসবে বিশ্বের নানা প্রান্তের বিভিন্ন ধরনের তথ্যচিত্র, স্বল্প দৈর্ঘ্য এবং অ্যানিমেশন চলচ্চিত্র প্রদর্শিত হচ্ছে, যা দর্শকদের মন জয় করছে।এই উৎসবে উল্লেখযোগ্য অনুষ্ঠানের মধ্যে রয়েছে বার্লিনেল শর্টস্ এবং অস্কার ফিল্ম প্যাকেজ।

এমআইএফএফ ২০২৪ - বার্লিনেল শর্টস-এ বিগত ৫ বছরের সেরা স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্রের মধ্যে ১২টি চলচ্চিত্রকে বেছে নেওয়া হয়। এর মধ্যে একটি সিলভার বিয়ার এবং একটি গোল্ডেন বিয়ার বিজয়ী চলচ্চিত্র স্থান পেয়েছে। বার্লিনলে শর্টস্ - এর প্রধান এবং এমআইএফএফ - এর জাতীয় প্রতিযোগিতা জুরির সদস্য আনা হেঙ্কেল- ডোনারসমার্ক দক্ষতার সঙ্গে এই চলচ্চিত্রের সংকলনটি তৈরি করেছেন। এই সংকলনে ভারতীয় চলচ্চিত্র হিসেবে পরিযায়ী শ্রমিকদের জীবনের উপর নির্মিত একতা মিত্তল প্রযোজিত 'গুমনাম দিন' চলচ্চিত্রটি স্থান পায়, যা দর্শকদের প্রশংসা লাভ করেছে। অস্কার প্যাকেজে ১২টি চলচ্চিত্র প্রদর্শিত হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য 'লেটার টু এ পিগ', 'দ্য ওয়ান্ডারফুল স্টোরি অফ হেনরি সুগার', 'আওয়ার ইউনিফর্ম', 'নাইট অফ ফরচুন', 'রেড, হোয়াইট অ্যান্ড ব্লু', 'নাইটিফাইভ সেন্স', 'আই অ্যাম হিপ'- যা দর্শকদের মন জয় করে নিয়েছে। এমআইএফএফ ২০২৪-এ অ্যামাজন সিরিজের 'পোচার', ডিজনি এবং পিক্সারের 'ইনসাইড আউট টু' এবং জাপানি তথ্যচিত্র 'আই গো গা গা ওয়েলকাম হোম মম', ভারতীয় তথ্যচিত্র 'বোগাস ফোন অপারেটর', 'প্লাস্টিক ফ্যান্টাস্টিক', 'ওমেন অফ মাই বিলিয়ন', 'ইট ইজ দিজ' এবং বাস্তু সংরক্ষণের বিষয় ভাবনার উপর নির্মিত তথ্যচিত্র 'মাই মার্কারি' প্রদর্শিত হয়। এই চলচ্চিত্র উৎসবে রাজকুমার রাও অভিনীত হিন্দি কাহিনী চিত্র 'শ্রীকান্ত' দেখানো হয়। আগামীকাল এমআইএফএফ ২০২৪-এর এক বর্ণাঢ্য সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে স্বর্ণ শঙ্খ ও রৌপ্য শঙ্খ পুরস্কার ঘোষণা করা হবে।

## জম্মু ও কাশ্মীরের মানুষের যোগের প্রতি ন্যায় নিষ্ঠা ও উদ্যমকে ঘিরে আজকের এই দৃশ্য সকলের মনে চিরস্থায়ী হয়ে থাকবে

**নতুন দিল্লি, ২১ জুন, ২০২৪ : নিউজ সারাদিন** : আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ডাল লেকে শ্রীনগরবাসীর উদ্দেশে ভাষণ দেন। সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, জম্মু ও কাশ্মীরের মানুষের যোগের প্রতি ন্যায় নিষ্ঠা ও উদ্যমকে ঘিরে আজকের এই দৃশ্য সকলের মনে চিরস্থায়ী হয়ে থাকবে। তিনি বলেন, বৃষ্টির কারণে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠান বিলম্বিত হয়েছে, তাকে দু-তিনটি আলাদা ভাগে ভাগ করতে হয়েছে। তবে, বৃষ্টিজনিত আবহাওয়ায় তাপমাত্রা হ্রাস পাওয়া সত্ত্বেও মানুষের উৎসাহে কোনো ঘাটতি ছিল না। যোগের গুরুত্বের উপর আলোকপাত করে শ্রী মোদী বলেন, যোগ জীবন এবং সমাজের অঙ্গ হয়ে উঠছে। তিনি আরও বলেন, যোগাভ্যাসের উপকারকে যদি দৈনন্দিন জীবনের সঙ্গে যুক্ত করে তাকে আরও সহজ করে তোলা যায়, তাহলে তা থেকে আমরা প্রভূত সুবিধা লাভ করতে পারি। শ্রী মোদী বলেন, ধ্যান হলো যোগের অঙ্গ। তবে, এর সাথে একটা আধ্যাত্মিক মনোভাব চড়া সুরে বাধা থাকায় সাধারণ মানুষের মধ্যে তাকে ঘিরে একটা ভয় ভীতির ভাব প্রকট হয়। তবে, কোনো বিষয়ের প্রতি গভীর মনোনিবেশ করলে এর গুরুত্ব অনুধাবন করা অনেক সহজ হয়ে যায়। প্রশিক্ষণ এবং কৌশলের মাধ্যমে মনোনিবেশ এবং লক্ষ্য স্থির করার সুফল পাওয়া সম্ভব। মন স্থির করতে পারলে আমরা ক্লান্তি এবং অন্যমনস্কতাকে কাটিয়ে উঠতে পারি। আধ্যাত্মিক লক্ষ্য পথ ছাড়াও ধ্যানচর্চা আত্মোন্নতি ও প্রশিক্ষণের এক পরিপুরক হাতিয়ার হয়ে উঠতে পারে। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, যোগ ব্যক্তি ও সমাজের জন্য এক শক্তিশালী ব্যবহারযোগ্য মাধ্যম। তিনি বলেন, যোগ থেকে সমাজ উপকৃত হলে তা থেকেই মানবকল্যাণ সাধিত হয়। প্রধানমন্ত্রী মিশরের এক খ্যাতনামা পর্যটন কেন্দ্রে যোগকে নিয়ে আলোকচিত্র ও ভিডিও তৈরির প্রতিযোগিতার কথা উল্লেখ করে, সেই কাজের সঙ্গে যুক্ত মানুষদের প্রশংসা করেন। তিনি বলেন, অনুরূপভাবে জম্মু ও কাশ্মীরেও কর্মসংস্থান এবং পর্যটন প্রসারের প্রধান আকর্ষণ হয়ে উঠতে পারে যোগ।

ভাষণ শেষে প্রধানমন্ত্রী দুর্যোগপূর্ণ পরিবেশকে উপেক্ষা করে শ্রীনগরে আয়োজিত আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে জম্মু ও কাশ্মীরের বৃহৎ সংখ্যাক উপস্থিত মানুষদের দায়বদ্ধতার প্রশংসা করেন। তিনি বলেন, এর মধ্য দিয়েই আন্তর্জাতিক যোগ দিবসের প্রতি তাঁদের সমর্থন ব্যক্ত হয়েছে।

১-ম পাতার পর

## শ্রীনগরে সকল ধর্মের মানুষের সাথে যোগা দিবসে অংশ নিলেন নরেন্দ্র মোদী

আসছেন ।" সেইসঙ্গে তাঁর বক্তব্যে ফ্রান্সের ১০১ বছরের বৃদ্ধার প্রসঙ্গও তুলে ধরেছেন মোদি । যোগব্যায়ামের প্রশিক্ষক ওই বৃদ্ধাকে পদ্মশ্রী সম্মানে সম্মানিত করা হয়েছে ভারতের তরফে। নিজের ও সমাজের উপকারে যোগব্যায়াম! পালিত হচ্ছে আন্তর্জাতিক যোগ দিবস ২০১৪ সালের ২৭ সেপ্টেম্বর রাষ্ট্রসংঘের তাঁর ভাষণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রতি বছর আন্তর্জাতিক যোগ দিবস পালনের জন্য প্রস্তাব দেন । এরপর ২০১৪ সালের ১১ ডিসেম্বর ১৯৩ টি দেশের মধ্যে ১৭৫ টি দেশের সমর্থনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতার সঙ্গে আন্তর্জাতিক যোগ দিবস পালনে রাষ্ট্রসংঘের সম্মতি পাওয়া যায় । সম্মতি পাওয়ার পর ২০১৫ সালর ২১ জুন প্রথম আন্তর্জাতিক যোগ দিবস পালিত হয় । তারপর থেকে ২১ জুন দিনটিকে আন্তর্জাতিক যোগ দিবস হিসেবে পালন করে সারা বিশ্ব । প্রতিবছরের মতো এবছরও আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে সারা বিশ্বে যোগ শিবির এবং বিভিন্ন ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । রাজনীতিক থেকে সেলিব্রিটি, এই বিশেষ দিনটি উদযাপনের জন্য বিভিন্ন যোগ শিবিরে অংশগ্রহণ করেছেন সকলেই।

স্বাস্থ্য সচেতনতা নিয়ে কেন্দ্রের এই উদ্যোগকে সাধুবাদ জানায় রাজনৈতিক মহলের একাংশ।

১-ম পাতার পর

## সংঘ পরিবার স্বীকার করলেন বাংলায় মমতার বিকল্প কোন মুখ নেই

ইঙ্গিত দেওয়া হয়েছে।কিন্তু এবারের লোকসভা নির্বাচনে বিজেপি যেমন দেশের বুকে একক সংখ্যাগরিষ্ঠতা হারিয়েছে, তেমনি বাংলাতেও কমেছে তাঁদের আসন। ঠিক এই রকম প্রেক্ষাপটে আবারও বিজেপির আঁতুরঘর হিসাবে চিহ্নিত রাষ্ট্রীয় স্বয়ং সেবক সঙ্ঘ এ রাজ্যের তাঁদের মুখপত্র 'স্বস্তিকা'য় আবারও প্রকাশিত করল এমন এক নিবন্ধ যা বলেই দিচ্ছে, বাংলার মাটিতে এখনও মমতা বন্দ্যোপাধ্যায়ের বিকল্প কিছু নেই। কেন্দ্রের বিজেপির নেতারা যতবারই বঙ্গ ভ্রমণে আসুন না কেন, যতই তৃণমূলের নেতাদের পিছনে সিবিআই, ইডি, আইটি, এনআইএ লেলিয়ে দিন না কেন, শুভেন্দু অধিকারী থেকে দিলীপ ঘোষ, সুকান্ত মজুমদার থেকে শান্তনু ঠাকুরকে যতই তোল্লা দিক না কেন, এরা কেউই মমতার বিকল্প হয়ে উঠতে পারেননি, কাউকে মমতার বিকল্প হিসাবেও তুলে ধরতে পারেননি। আর বঙ্গ বিজেপির কাছে মমতার কোনও বিকল্প নেই বলেই বার বার প্রতিটি নির্বাচনে পদ্মশিবিরকে হারতে হচ্ছে জোড়াফুলের কাছে।কার্যত লোকসভা নির্বাচনের পর থেকেই পদ্মশিবিরকে একতরফা ভাবে বিঁধে চলেছেন সঙ্ঘের নেতারা। ভোটের আগে বিজেপি নেতৃত্ব যেভাবে প্রকাশ্যে সঙ্ঘের নেতাদের উপেক্ষা করে এসেছেন, সঙ্ঘের প্রয়োজনীয়তা নেই বলে প্রচার চালিয়েছেন, সেই সব উপেক্ষা-অবজ্ঞাই এখন সঙ্ঘের তরফে ধেয়ে আসছ বিজেপির দিকে। হয়তো এটাই প্রকৃতির নিয়ম। আর সেই নিয়মের পথে হেঁটেই 'স্বস্তিকা'র নিবন্ধে প্রশ্ন তোলা হয়েছে, কেন এখনও বাংলার মাটিতে মমতা বন্দ্যোপাধ্যায়ের বিকল্প মুখ তুলে ধরতে পারল না বিজেপি নেতৃত্ব? বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব কেন এই খামতি পূরণ করছেন না, সেই প্রশ্নও তোলা হয়েছে মুখপত্রে প্রকাশিত শীর্ষ নিবন্ধে। সঙ্ঘের পর্যবেক্ষণ, মমতার সঙ্গে পাল্টা যোঝার মতো মুখ না-থাকা, সাংগঠনিক দুর্বলতা, গোষ্ঠী কোন্দল, অযোগ্য প্রার্থী বাছাইয়ের কারণেই একুশের বিধানসভা আর ২৪'র লোকসভা নির্বাচনে বিজেপিকে 'লেজেগোবরে' হতে হয়েছে বাংলার মাটিতে মমতার দল তৃণমূল কংগ্রেসের কাছে। শুধু এই টাই নয়, সঙ্ঘের তরফে কার্যত বলেই দেওয়া হয়েছে, এভাবে চলতে থাকলে ২৬'র বিধানসভা নির্বাচনেও বিজেপিকে গোহারান হারতে হবে তৃণমূলের কাছে।

## প্রধানমন্ত্রী পদে বসার পর নরেন্দ্র মোদীকে প্রথম চিঠি দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : প্রধানমন্ত্রী পদে বসার পর নরেন্দ্র মোদীকে প্রথম চিঠি দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। চিঠিতে ১০০ দিনের টাকা আদায় নয় ৩ ফৌজদারি আইন কার্যকর করা পিছিয়ে দেওয়ার আর্জি জানিয়েছেন মুখ্যমন্ত্রী। আগামী ১ জুলাই থেকে গোটা দেশে তিন নতুন ফৌজদারি আইন কার্যকর করার কথা।কাজেই এবারের পরিস্থিতি একটু আলাদা। এবারে সংসদ অধিবেশন একেবারেই সহজ হবে না মোদী সরকারের কাছে। আগামী ২৩ মে শুরু হচ্ছে সংসদ অধিবেশন। তৃতীয় মোদী সরকারের প্রথম অধিবেশন বসবে। তারমধ্যেই একের পর এক দুর্নীতি ইস্যুতে মোদী সরকারের বিরুদ্ধে সরব হওয়ার প্রস্তুতি নিতে শুরু করে দিয়েছে বিরোধীরা। এবার আরও জোট বন্ধ ভাবে বিরোধীদের প্রতিরোধের মুখে পড়তে হবে মোদী সরকারকে।সূত্রের খবর গত লোকসভা অধিবেশনে এই তিনটি বিল পাশ হয়েছিল লোকসভা এবং রাজ্যসভায়। কিন্তু বিল পাসের সময় বিরোধী দলের সাংসদরা প্রবল প্রতিবাদ জানিয়েছিলেনয়। তারপরেই ১৪৬ জন বিরোধী দলের সাংসদকে সাসপেন্ড করা হয়। কাজেই এক কথায় একতরফা ভাবেই মোদী সরকার সংসদে এই বিল পাস করিয়েছিল। এবং ১ জুলাই থেকে কার্যকর হওয়ার কথা সেই তিন ফৌজদারি আইনের। কিন্তু এই তিনটি ফৌজদারি আইন কার্যকর করার সিদ্ধান্ত আপাতত পিছিয়ে দেওয়ার আর্জি প্রধানমন্ত্রীকে চিঠিতে লিখেছেন তিনি। এবং অবিলম্বে এই তিন ক্রিমিনাল আইন প্রত্যাহার করার কথা বলেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। এদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক বিজ্ঞপ্তি দিয়ে জানিয়ে দিয়েছিল যে ১ জুলাই থেকে এই নতুন ফৌজদারি আইন কার্যকর হবে গোটা দেশে। এই তিন আইন কার্যকর হলে ব্রিটিশ আমলে তৈরি ভারতীয় দণ্ডবিধির অবলুপ্তি ঘটবে। এবং ১৮৬০ সালে তৈরি হওয়া 'ইন্ডিয়ান পেনাল কোড' (ভারতীয় দণ্ডবিধি) নতুন 'ভারতীয় ন্যায় সংহিতা' আইন নামে পরিচিত

এরপর ৪ পাতায়

## ২০২৪-এর সাধারণ নির্বাচনের জন্য ব্যবহৃত ইভিএম-এর ব্যবহৃত মেমরি/মাইক্রোকন্ট্রোলার পরীক্ষা ও যাচাইয়ের জন্য ১১টি আবেদন পাওয়া গেছে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : নির্বাচন কমিশনের পয়লা জুন ২০২৪-এর এসওপি সাধারণ কার্যপদ্ধতি মোতাবেক ফল ঘোষণার পরে ইভিএম-এর ব্যবহৃত মেমরি/মাইক্রোকন্ট্রোলার পরীক্ষা ও যাচাইয়ের জন্য ২০২৪-এর লোকসভা নির্বাচনের জন্য ৮টি আবেদন এবং বিধানসভাগুলির নির্বাচনের জন্য তিনটি আবেদন পাওয়া গেছে। অন্ধ্রপ্রদেশ, ছত্তিশগড়, হরিয়ানা, মহারাষ্ট্র, তামিলনাড়ু, তেলেঙ্গানা এই ৬টি রাজ্যের ৮টি সংসদীয় কেন্দ্রের ৯২টি ভোট কেন্দ্রের ইভিএম-এর ব্যবহৃত মেমরি/মাইক্রোকন্ট্রোলার পরীক্ষা ও যাচাইয়ের জন্য আবেদন পাওয়া গেছে। অন্যদিকে অন্ধ্রপ্রদেশ বিধানসভা নির্বাচন এবং ওড়িশা বিধানসভা নির্বাচনের তিনটি বিধানসভা কেন্দ্রের ২৬টি ভোটদান কেন্দ্রের ইভিএম-এর জন্য আবেদন পাওয়া গেছে। নির্বাচন কমিশন ২০২৪-এর পয়লা জুন তারিখের নির্দেশে আবেদন প্রক্রিয়ার জন্য এবং যে ইউনিটগুলি পরীক্ষা করা হবে, তার প্রোটোকল, পরীক্ষা/যাচাই প্রক্রিয়া পরিচালনার জন্য সুরক্ষা ও নিয়ন্ত্রণ এবং প্রয়োজনীয় নথি বিষয়ে বিস্তারিত প্রশাসনিক সাধারণ কার্যপদ্ধতি জারি করে। এসওপি লিঙ্ক - https://tinyurl.com/yxtxys7u।

উল্লিখিত এসওপি অনুযায়ী সংশ্লিষ্ট রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিককে ফল ঘোষণার তারিখের ৩০ দিনের মধ্যে নির্মাতাকে

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

## কোরান বিকৃত করার অভিযোগে পাকিস্তানে এক ব্যক্তিকে খুন করল উন্মত্ত জনতা

পাকিস্তানের (Pakistan) খাইবার পাখতুনখোয়ার সোয়াত জেলায়। স্থানীয় পুলিশের প্রধান জাহিদুল্লাহ জানান, কোরান বিকৃতির অভিযোগ উঠেছিল এক ব্যক্তির বিরুদ্ধে। তিনি নাকি পবিত্র ধর্মগ্রন্থের বেশ কয়েকটা পাতা পুড়িয়ে দিয়েছিলেন। অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গেই বৃহস্পতিবার রাতে অভিযুক্তকে আটক করে হেফাজতে নেয় পুলিশ। তবে অভিযুক্তের পরিচয় প্রকাশ করা হয়নি।

অভিযুক্তের গ্রেপ্তারির খবর পেয়েই থানার সামনে জড়ো হয় বিশাল জনতা। মাদয়ান থানার সামনে গিয়ে তাঁরা দাবি করতে থাকেন, অভিযুক্তকে তাঁদের হাতে তুলে দিতে হবে। কিন্তু জনতার দাবি মানতে চায়নি পুলিশ। সেই রাগে থানা লক্ষ্য করে গুলিবৃষ্টি শুরু করে উন্মত্ত জনতা। পালটা গুলি চালায় পুলিশও। সেই গোলাগুলির মধ্যে পড়ে গুরুতর আহত হন এক ব্যক্তি। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

## প্রেমিকের টানে বিদেশি প্রেমিকা নবদ্বীপে



**অভিজিৎ সাহা, নবদ্বীপ : নিউজ সারাদিন** : "মিলন হবে কত দিনে "--সুদূর ১৫ হাজার কিলোমিটার পাড়ি দিয়ে ব্রাজিল থেকে বিবাহ সূত্রে আবদ্ধ হতে নবদ্বীপে এলেন প্রেমিকা "ম্যানুয়েলা আলভেস দা সিলভা'।

ভালোবাসার টানে সাত সমুদ্র পাড়ি দিয়ে নবদ্বীপে এলেন ব্রাজিলের প্রেমিকা 'ম্যানুয়েলা আলভেস দা সিলভা'। নবদ্বীপ ব্লকের ফরেস্ট ডাঙ্গা এলাকার ঘটনা। শুক্রবার তারা বিবাহ সূত্রে আবদ্ধ হবে সনাতনী মতে। বাড়িতেই বিয়ের আসর বসছে বলে জানালেন প্রেমিক কার্তিক মন্ডল। তিনি বলেন সুরাটে কাজ করার সময় ফোনে ব্রাজিলের ম্যানুয়েলা আলভেস দা সিলভার সাথে পরিচয় হয়, পরিচয় থেকে প্রেম। আর এবার প্রেমের রূপ "শুভ পরিণয়"। কার্তিক মণ্ডল এর পিতা দিলীপ মন্ডল জানান মেয়ের বাড়ির লোকেরা এই বিয়েতে রাজি তারা ফোন মারফত বলেন মেয়ে যাতে সুখে শান্তিতে বসবাস করে সংসার জীবন করতে পারে আমরা সেটাই চাই। আমরাও চাই তাদের দাম্পত্য জীবন সুখের হোক।

গ্রাম্য এলাকায় বিদেশি নি বউ দেখার জন্য কৌতূহলের ছায়া। পাত্রী বিদেশিনী,কিন্তু কথা কি করে বোঝা যাচ্ছে সংবাদমাধ্যম পরিবারকে প্রশ্ন করলে পরিবারের থেকে জানানো হয় বর্তমান প্রযুক্তিতেই চলছে কথোপকথন। অর্থাৎ মোবাইলের মাধ্যমে সমস্ত ভাষা ট্রান্সলেট করে বোঝানো হচ্ছে,চলছে কথোপকথন।

পাত্রী ম্যানুয়েলা আলভেস কে প্রশ্ন করা হয় তিনি এই বিয়েতে রাজি নাকি, পাত্রী বলে হ্যাঁ, আমার পরিবারও রাজি এবং আনন্দের সহিত বলে আমি শাড়ি পড়তে ভালোবাসি। এখন অপেক্ষায় দুই হাত এক করে ঘর বাধার।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৬৯ সংখ্যা ২২ জুন, ২০২৪ শনিবার ০৭ আষাঢ়, ১৪৩১

৩ পাতার পর

## ২০২৪-এর সাধারণ নির্বাচনের জন্য ব্যবহৃত ইভিএম-এর ব্যবহৃত মেমরি/মাইক্রোকন্ট্রোলার পরীক্ষা ও যাচাইয়ের জন্য ১১টি আবেদন পাওয়া গেছে

আবেদনকারীদের তালিকা জানাতে হবে। সেইসঙ্গে কমিশনকে এই বিষয়ে অবহিত করতে হবে। অর্থাৎ ২০২৪-এর চৌঠা জুলাইয়ের মধ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকেরা ইতিমধ্যেই নির্মাতাদের তা জানিয়েছেন। নির্ধারিত সময়ের ১৫ দিন আগেই।

উল্লিখিত কেন্দ্রগুলির নির্বাচনী আবেদনের পরিস্থিতি যাচাইয়ের চার সপ্তাহের মধ্যে পরীক্ষা ও যাচাই প্রক্রিয়া শুরু করা যেতে পারে জারি হওয়া এসওপি মোতাবেক এবং আইনী দিক বিচার করে। এই বিষয়ে মুখ্য নির্বাচনী আধিকারিকদের সংশ্লিষ্ট হাই কোর্টের রেজিস্ট্রারের থেকে ছাড়পত্র নিতে হবে। নির্বাচনী আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ জুলাই ২০২৪। অর্থাৎ ফল ঘোষণার থেকে ৪৫ দিনের মধ্যে। নির্বাচনী আবেদনের মেয়াদ শেষ হওয়ার আগেই সময় মতো কমিশন প্রক্রিয়া এবং ইভিএম ইউনিটের ব্যবহৃত মেমরি/মাইক্রোকন্ট্রোলার পরীক্ষা ও যাচাইয়ের নির্দেশ জারি করবে। সংশ্লিষ্ট মুখ্য নির্বাচনী আধিকারিকদের কাছ থেকে নির্বাচনী আবেদন প্রাপ্তির দুই সপ্তাহের মধ্যে ইভিএম পরীক্ষা ও যাচাইয়ের নির্ঘন্ট জানাতে হবে নির্মাতাদের। নির্বাচনী আবেদনের বিষয়ে সিদ্ধান্তের ৪ সপ্তাহের মধ্যে ইউনিট পরীক্ষা ও যাচাইয়ের কাজ শুরু হবে।

## সম্পাদকীয়

### যোগ সমাজে সদর্থক পরিবর্তনের জন্য নতুন পথ প্রদর্শন করে

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জম্মু-কাশ্মীরের শ্রীনগরে আজ দশম আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে অনুষ্ঠানে ভাষণ দেন। আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে নেতৃত্ব দেন প্রধানমন্ত্রী এবং যোগাভ্যাসে অংশ নেন। এই অনুষ্ঠানের ভাষণে প্রধানমন্ত্রী আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে যোগ ও সাধনার ভূমি জম্মু-কাশ্মীরে উপস্থিত হতে পেরে তাঁর সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, 'জম্মু-কাশ্মীরে আজ যোগ ব্যায়ামের এক অভূতপূর্ব শক্তি ও অভিজ্ঞতা অনুভব করা যাচ্ছে।' আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে তিনি সমগ্র জনগণ ও বিশ্বের বিভিন্ন প্রান্তে যাঁরা যোগাভ্যাসে অংশ নিয়েছেন, তাঁদের অভিনন্দন জানান।

দশম আন্তর্জাতিক যোগ দিবসের কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রসংঘে ভারতের প্রস্তাবে সম্মতি জানিয়েছে রেকর্ড সংখ্যক ১৭৭টি দেশ। তিনি বলেন, ২০১৫ সালে দিল্লির কর্তব্য পথে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে রেকর্ড ৩৫,০০০ মানুষ অংশ নেন। গত বছর রাষ্ট্রসংঘের সদর দপ্তরে প্রধানমন্ত্রীর নেতৃত্বে প্রায় ১৩০টি দেশের প্রতিনিধিরা আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে অংশ নেন। আয়ুষ মন্ত্রক বিশ্বের ১০০টির বেশি প্রতিষ্ঠান ও বিদেশী ১০টি প্রতিষ্ঠানকে যোগা শংসাপত্র পর্ষদের স্বীকৃতি প্রদান করায় সন্তোষ প্রকাশ করেন। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, সমগ্র বিশ্বে নিয়মিত যোগাভ্যাস করা জনগণের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বাড়ছে এর প্রতি আকর্ষণ। যোগ ব্যায়ামের উপযোগিতা স্বীকার করে নিয়েছেন মানুষ। তিনি বলেন, 'সমগ্র বিশ্ব নেতারাই আমার সঙ্গে তাঁদের আলোচনার সময় যোগ ব্যায়াম সম্পর্কে উৎসাহ প্রকাশ করেছেন।' বিশ্বের প্রত্যেক প্রান্তেই যোগ ব্যায়াম এখন দৈনন্দিন জীবনের অংশ হয়ে উঠেছে বলেও মন্তব্য করেন প্রধানমন্ত্রী। সমগ্র বিশ্বে যোগ ব্যায়ামের ক্রমবর্ধমান গ্রহণযোগ্যতার প্রতি আলোকপাত করে প্রধানমন্ত্রী ২০১৫ সালে তাঁর তুর্কমেনিস্তান সফরের সময় সেদেশের যোগা সেন্টার উদ্বোধনের কথা স্মরণ করেন। তিনি বলেন, তাঁদের যোগ ব্যায়াম এখন সমগ্র বিশ্বে অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে। শ্রী মোদী আরও বলেন, তুর্কমেনিস্তানের চিকিৎসা বিশ্ববিদ্যালয়গুলি যোগ থেরাপিকে তাদের চিকিৎসা মাধ্যমের অঙ্গ করে নিয়েছে। সৌদি আরব পাঠ্য ব্যবস্থার অংশ করেছে যোগ ব্যায়ামকে। অন্যদিকে মঙ্গোলিয়ান যোগা ফাউন্ডেশন যোগ ব্যায়ামের বিভিন্ন স্কুল চালাচ্ছে। ইউরোপে যোগার গ্রহণযোগ্যতার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে ১.৫ কোটির বেশি জার্মান নাগরিক যোগাভ্যাস করেন। তিনি এ বছর ১০১ বছর বয়সী ফরাসী শিক্ষককে তাঁর অবদানের জন্য পদ্মশ্রী পুরস্কার দেওয়ার কথা উল্লেখ করেন। ওই যোগ প্রশিক্ষক একবারও ভারত সফর করেননি, তবু তিনি যোগ ব্যায়ামের সঙ্গে যুক্ত। যোগ বর্তমানে গবেষণার বিষয় হয়ে উঠেছে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এই নিয়ে বহু গবেষণাপত্র নিয়মিত প্রকাশিত হচ্ছে। বিগত ১০ বছরে যোগ ব্যায়ামের ক্রমবর্ধমান প্রসার সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন, যোগা বর্তমানে এক নতুন অর্থনীতির সৃষ্টি করছে। যোগ ব্যায়ামের জন্য বিমান বন্দর ও হোটেলগুলিতে যে সুবিধা থাকে, সেকথাও উল্লেখ করেন তিনি। এ সব কিছু যুবক-যুবতীদের জন্য কর্মসংস্থানের নতুন সুযোগ করে দিচ্ছে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

এ বছরের আন্তর্জাতিক যোগ দিবসের মূল ভাবনা 'নিজের জন্য এবং সমাজর জন্য যোগ ব্যায়াম' এর প্রতি আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন, আন্তর্জাতিক সুস্থিতির জন্য যোগাভ্যাসকে বর্তমানে এক শক্তিশালী রূপ হিসেবে মান্যতা দেওয়া হয়। যোগ আমাদের অতীতের বোঝা ত্যাগ করে বর্তমানে জীবন-যাপন করতে সাহায্য করে। আমাদের আশেপাশে উন্নতি হলেই আমাদের উন্নতি, এই সদর্থক ভাবনাও তৈরি করে।

যোগ ব্যায়ামের বৈজ্ঞানিক ভিত্তির ওপর জোর দিয়ে প্রধানমন্ত্রী বলেন, মনঃসংযোগের ক্ষমতা অত্যন্ত বেশি। তাই সেনাবাহিনী থেকে ক্রীড়াক্ষেত্র সর্বত্রই মনঃসংযোগ বাড়াতে যোগ ব্যায়ামকে বিশেষভাবে গ্রহণ করা হচ্ছে। এমনকি মহাকাশ বিজ্ঞানীরাও যোগ প্রশিক্ষণ নিচ্ছেন ও ধ্যান করছেন। সংশোধনাগারগুলিতে সদর্থক মনোভাব তৈরিতে যোগাভ্যাস করানো হয়। ওসমাজের সদর্থক পরিবর্তন আনতে যোগ ব্যায়াম নতুন পথও প্রদর্শন করছে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

শ্রী মোদী বলেন, যোগ ব্যায়াম আমাদের জীবন-যাপনে সদর্থক প্রভাব তৈরিতে সহায়ক। যোগ ব্যায়ামের প্রতি জম্মু-কাশ্মীরের জনগণের বিশেষ করে শ্রীনগরের বাসিন্দারে উৎসাহের কথা উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এর ফলে এই অঞ্চলে পর্যটনে গতি এসেছে। বৃষ্টি উপেক্ষা করে জনগণ যেভাবে তাঁদের সমর্থন জানাতে বাড়ি থেকে বেড়িয়ে এসেছেন, তার ভূয়সী প্রশংসা করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, 'জম্মু-কাশ্মীরে যোগ ব্যায়ামের অনুষ্ঠানে ৫০,০০০-৬০,০০০ জনগণের সমাবেশ অত্যন্ত বিপুল।'

প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যের শেষ সব রকম সমর্থনের জন্য জম্মু-কাশ্মীরবাসীকে ধন্যবাদ জানান ও সমগ্র বিশ্বে যোগাভ্যাসের সঙ্গে যুক্ত ব্যক্তিদের শুভেচ্ছা জানান।

প্রেক্ষাপট

দশম আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে ২০২৪ সালের ২১ জুন প্রধানমন্ত্রী নেতৃত্বে শ্রীনগরের এসকেআইসিসি-তে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠান হয়। স্বাস্থ্য রক্ষায় যোগ ব্যায়ামের উপযোগীতা সম্পর্কে সচেতনা বাড়াতেই দিনটি পালন করা হয়। ২০১৫ সাল থেকে প্রধানমন্ত্রী নেতৃত্বে বিভিন্ন স্থানে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠান হয়। এর মধ্যে রয়েছে, দিল্লির কর্তব্য পথ, চণ্ডীগড়, দেরাদুন, রাঁচি, লক্ষ্ণৌ, মাইশুরু এবং নিউ ইয়র্কে রাষ্ট্রসংঘের সদর দপ্তর।

এ বছরের মূল ভাবনা নিজের ও সমাজের জন্য যোগ ব্যায়াম। ব্যক্তিগত ও সামাজিক উন্নয়নের জন্য যোগ ব্যায়ামের ভূমিকার প্রতি গুরুত্ব আরোপ করে। গ্রামীণ এলাকায় যোগ ব্যায়ামের প্রসারে তৃণমূল স্তরের অংশগ্রহণ এই কর্মসূচিকে উজ্জীবিত করবে।

# ন্যায় কর্মফল দাতা শনি দেব



মৃত্যুঞ্জয় সরদার
(পঞ্চম পর্ব)



শনি দেবের গায়ের বর্ণ কালো। শনি ছোট বেলা থেকে বদ মেজাজি। সূর্য দেব নিজের রাজ্য তার পুত্র দের মাঝে ভাগ করে দিলেন। প্রত্যেক সন্তান কে এক এক লোকের অধিপতি করে দিলেন। শনি দেব এক লোকের অধিপতি হয়ে খুশি ছিলেন না। তাই তার ভাইদের কাছ থেকে রাজ্য কেড়ে নেবার পরিকল্পনা করলেন। অধিক শক্তি লাভের জন্য তিনি বন্মভা তপস্যা বসলেন তার তপস্যা সন্তুষ্ট হয়ে দেখা দিলেন। তিনি তাকে বর চাইতে বললেন। শনি দেব তখন বললেন ঃহে ভগবান ,আমার শুভ দৃষ্টি পড়লে যেমন কারো ধন সম্পত্তি ঘর সন্তান ইত্যাদি সুখি ও সম্পন্ন হয় তেমনি কু দৃষ্টি পড়লে যেন যার উপর পড়বে তার যেন সব ছারখার হয়ে যায়। ব্রন্মভা তাকে বর দিয়ে অদৃশ্য হয়ে গেলেন। শনিদেবের ক্রোধের ফলে মানুষকে একদম নিস্তেজ করে দেয়, শনিদেবের নিজের ভাইয়ের উপর পড়েছিল।শনি দেব শক্তি প্রাপ্ত হবার পর শনি দেব তাঁর ভাইদের রাজ্য ছিনিয়ে নেওয়ার জন্য তৎপর হলেন। তখন অন্যান্য ভাইরা সবাই পিতা সূর্য দেবের স্মরণাপন্ন হলেন হলেন। সূর্য দেব তখন ভগবান শিবের স্মরণাপন্ন হলেন এবং প্রার্থনা করলেন। সূর্য দেবের প্রার্থনা শুনে শনি দেব কে মারার জন্য নন্দী ও বীরভদ্র কে পাঠালেন। এরা সবাই শনি দেবের কাছে পরাজিত হয়ে ফিরে এলেন। তখন শিব ক্রুদ্ধ হয়ে নিজেই শনির সঙ্গে যুদ্ধ করার জন্য তৃতীয় নয়ন খুললেন। শনি তার মারক দৃষ্টি দিয়ে শিব কে দেখলেন। উভয়ের দিব্য দৃষ্ট জ্যোতিঃ সারা মহাকাশ আচ্ছাদিত হল। এবার শিব তাঁর ত্রিশূলের প্রহারে শনি অবচেতন করলেন। নিজ পুত্র কে মৃত ভেবে শোক গ্রস্ত হলেন এবং শনির জীবন দানের জন্য

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ওষুধের দাম নিয়ে নতুন বিজ্ঞপ্তি জারি করলো কেন্দ্র সরকার

**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** ডায়াবেটিস, হাইপ্রেসার, হার্টের অসুখ, জীবাণুঘটিত সংক্রমণ এবং অ্যালার্জিসহ বেশ কিছু মাল্টি ভিটামিনের সর্বোচ্চ দাম বেঁধে দিল কেন্দ্র সরকার। এদিন একটি সরকারি বিজ্ঞপ্তিতে ফার্মাসিউটিক্যালস অ্যান্ড ন্যাশনাল ফার্মাসিউটিক্যাল প্রাইসিং অথরিটি দফতরের তরফে এই বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এই বিজ্ঞপ্তিতে ৫৪টি ওষুধ এবং ৮টি বিশেষ ধরনের উৎপাদনের সর্বোচ্চ খুচরো দর বেঁধে দিয়েছে সরকার। ডায়াবেটিস রোগীদের জন্য অত্যন্ত সুখবর। সাধারণভাবে প্রেসক্রিপশন করা যেমন মেটফরমিন, লিনাগ্লিপটিন এবং সিটাগ্লিপটিন কম্পোজিশনের ট্যাবলেট প্রতি ওষুধের দাম ১৫ থেকে ২০ টাকার মধ্যে বেঁধে দিল কেন্দ্র। ক্যালসিয়াম, ভিটামিন এবং জীবাণুঘটিত সংক্রমণের ওষুধের দামও কমিয়ে দেওয়া হয়েছে।সাইপ্রোফ্লোক্সাসিনের মতো অ্যান্টিব্যাকটিরিয়াল ইঞ্জেকশনের খুচরো দাম এমএল প্রতি ০.২৩ টাকা করা হয়েছে। অন্যদিকে, প্রেসারের জেনেরিক ওষুধের যেমন-টেলমিসারটন, ক্লোর্থালিডন এবং সিনিডিপাইন ট্যাবলেট প্রতি ৭.১৪ টাকা রাখা হয়েছে। হাই কোলেস্টেরল নিয়ন্ত্রণে ব্যবহৃত অ্যাসপিরিন এবং অ্যাট্রোভাসটানিন কম্বিনেশনের ক্যাপসুলের দাম সর্বোচ্চ ২.৬৮ টাকা ধরা হয়েছে। উল্লেখ্য, হাই কোলেস্টেরলের ফলে বিভিন্ন ধরনের হার্টের অসুখ হতে পারে। এই ওষুধগুলি সেই রোগ প্রতিরোধে দিয়ে থাকেন ডাক্তারবাবুরা। ৫০০ এমএল গ্লুকোজের দাম মিলিলিটার প্রতি ০.২৪ টাকা করা হয়েছে। ক্যালসিয়াম এবং ভিটামিন ডি-থ্রি ট্যাবলেট সর্বোচ্চ ৭.৮২ টাকায় বিক্রি করা যাবে। এদিনের নির্দেশে এনপিপিএ বলেছেন, প্রত্যেক খুচরো ব্যবসায়ী ও ডিলারকে দামের তালিকা সকলের নজরে আসার মতো জায়গায় টাঙিয়ে রাখতে হবে। যদি এই দামের অন্যথা করে কেউ ওষুধ বিক্রি করেন তাহলে উৎপাদক এবং মার্কেটিং কোম্পানি তার জন্য দায়ী থাকবে।

# গণতন্ত্রকে শক্তিশালী করতে সংবাদপত্রের স্বাধীনতা প্রয়োজন: রামনাথ বিদ্রোহী




**ডাঃ পাঠক . সিনিয়র সাংবাদিক।**
**হাজিপুর, ২০ জুন, ২০২৪ (এজেন্সি)** ইন্ডিয়ান জার্নালিস্ট অ্যাসোসিয়েশন (আইজেএ) জাতীয় সভাপতি রামনাথ বিদ্রোহি বলেছেন যে ভারতে গণতন্ত্রকে শক্তিশালী করার জন্য সংবাদপত্রের স্বাধীনতা প্রয়োজন।

জনাব বিদ্রোহী গতকাল সাংবাদিকদের স্বার্থ, সম্মান ও সম্মান এবং বর্তমান সময়ে সাংবাদিকতা পেশার চ্যালেঞ্জ নিয়ে আয়োজিত জেলা পর্যায়ের সাংবাদিকদের সম্মেলন-কাম-আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন।


শ্রী বিদ্রোহী বলেন, জেলার সাংবাদিকরা যদি উদারভাবে সমন্বয়ের সঙ্গে সাধারণ মানুষের দায়িত্ব পালন করেন, তাহলে সরকার ও প্রশাসনেরও উচিত সেই সমন্বয়ের প্রতি যথার্থ সম্মান জানানোর কথা উল্লেখ করে তিনি একে অপরকে সহযোগিতা করার কথা বলেন করতে বলা হয়েছে।

নগরীর রমাশীষ চকে অবস্থিত আদর্শ হোটেল মিলনায়তনে আয়োজিত এই সম্মেলনে সভাপতিত্ব করেন বৈশালী প্রেসক্লাবের জেলা সভাপতি কৌশল কিশোর পাঠক।

সম্মেলনটি দুটি অধিবেশনে অনুষ্ঠিত হয়। প্রথম অধিবেশনে সাংবাদিকতা পেশার চ্যালেঞ্জ, বর্তমান সময়ে সাংবাদিকদের দিকনির্দেশনা ও অবস্থা নিয়ে আলোচনা সঞ্চালনাকারী সুবোধ কুমার বৈশালী প্রেসক্লাব গঠনের উদ্দেশ্য তুলে ধরে বলেন, সাংবাদিকতা তার মূলনীতি থেকে বিচ্যুত হওয়ার পথে। দায়িত্ব ইত্যাদি বিস্তারিত আলোচনা করা হয়েছে।

এ সময় সাংবাদিকরা ডাঃ চন্দ্রভূষণ সিং শি, ডাঃ সঞ্জয় বিজিতওয়ার, অমর কুমার চৌবে, রাহুল সিং, রঞ্জিত পাঠক, দেবেশ কুমার, টনি কুমার কৌশল, ধর্মেন্দ্র কুমার, রূপেশ কুমার, রাজকুমার রাজু, সঞ্জিত কুমার মতি, মনীশ কুমার ছাড়াও উপস্থিত ছিলেন। বিনীত কুমার, দীপক শাস্ত্রী, অধ্যাপক অমিতাভ কুমার, অমরেশ শ্রীবাস্তব, বিকাশ মহাপাত্র, রাজাবাবু, রূপেশ সিং, জেলা সদর হাজিপুর এবং ব্লকের অনেক সাংবাদিক সংবাদ সংকলনের সময় যে সমস্যার সম্মুখীন হয়েছিল তার উল্লেখ করেছেন।

# বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ছোট ছোট ওদের চাওয়া গুলো পূরণ করে দেওয়ার কেউ নেই; তাই তো ওরা আমার আছে ছুটে আসে; ওদের দুঃখের কথা; কষ্টের কথা আমাকে বলতে। ওদের দুঃখের কথা আমি শুনি বলেই; আমার কাছে ওদের যত আবদার, অধিকার। সংসারের কঠিন পথ চলতে চলতে ওরা ক্ষতবিক্ষত; ওদের বিশ্বাস আমিই ওদের দুঃখ দূর করে দিতে পারি" ।বাবার শিষ্যদের নিয়েও আছে অনেক গল্প।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

৩পাতার পর

# প্রধানমন্ত্রী পদে বসার পর নরেন্দ্র মোদীকে প্রথম চিঠি দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

হবে। ১৮৯৮ সালের ক্রিমিনাল প্রসিডিওর অ্যাক্ট' (ফৌজদারি দণ্ডবিধি) পরিবর্তিত হয়ে 'ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা হবে এবং ১৮৭২ সালের 'ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্ট'-এর বদলে 'ভারতীয় সাক্ষ্য আইন' কার্যকর হবে।আগেই তৃণমূল কংগ্রেস সহ একাধিক বিরোধী দল সংসদে এই নয়া তিন ফৌজদারি আইনের বিরোধিতায় সরব হয়েছিলেন। কিন্তু তাতে আমোল দেয়নি মোদী সরকার। বিরোধিতায় যাঁরা সরব হয়েছিলেন তাঁদের সাসপেন্ড করা হয়। কিন্তু ২০২৪-র লোকসভা ভোটের পর সংসদের চিত্রটা একটু বদল হয়েছে। ভোট ব্যাঙ্কে ধাক্কা খেয়েছে বিজেপি। শরিকদের সাহায্য নিয়ে সরকার গড়তে হয়েছে মোদীকে। আর বিরোধীদের সংখ্যা বেড়েছে। কাজেই সংসদ ধারে এবং ভারে বিরোধীদের পাল্লা ভারি হচ্ছে।

# সিনেমার খবর

## প্রথম সিনেমা নিয়ে ঝামেলায় আমিরপুত্র




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের তারকা অভিনেতা আমির খানের ছেলে জুনায়েদ খানের প্রথম সিনেমা নিয়ে ঝামেলা বেঁধেই গেল। এই তরুণ অভিনেতার 'মহারাজ' সিনেমা মুক্তিতে স্থগিতাদেশ দিয়েছে গুজরাটের হাই কোর্ট।

ইন্ডিয়া টুডে বলছে, বিষ্ণুর অবতার কৃষ্ণের ভক্ত এবং বৈষ্ণবধর্মের একটি সম্প্রদায় বল্লভাচার্যের অনুগামীরা সিনেমা বন্ধের আবেদন করেন। ওই পিটিশনের ভিত্তিতে গুজরাট হাই কোর্টের বিচারপতি সঙ্গীতা ভিষেণ সিনেমাটির মুক্তিতে স্থগিতাদেশ দিয়েছেন। বিচারক তার অন্তর্বর্তীকালীন আদেশে আগামী ১৮ জুন এই বিষয়ে পরবর্তী শুনানির দিন রেখেছেন।

'মহারাজ' সিনেমার প্রিমিয়ার হওয়ার কথা ছিল আগামী ১৪ জুন নেটফ্লিক্সে। এটি পরিচালনা করেছেন সিদ্ধার্থ পি মালহোত্রা। ১৮৬২ সালে ঘটে যাওয়া 'মহারাজ লায়াবেল কেস'-এর ঘটনা থেকে অনুপ্রাণিত হয়ে চিত্রনাট্য তৈরি করা হয়েছে। সিনেমার গল্পে দেখা যাবে, একজন বিতর্কিত ধর্মগুরুর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ তোলেন তার নারী শিষ্যরা।

সিনেমায় সাংবাদিক ও সমাজকর্মী করসনদাস মুলজির ভূমিকায় দেখা যাবে জুনায়েদকে। তার বিপরীতে 'অর্জুন রেড্ডি' খ্যাত অভিনেত্রী শালিনী পান্ডে কাজ করেছেন। এছাড়া অন্যতম ভূমিকায় অভিনয় করেছে 'পাতাললোক' ওয়েব সিরিজ খ্যাত অভিনেতা জয়দীপ আহলাওয়াত, যিনি ধর্মগুরুর চরিত্রে অভিনয় করেছেন।

বল্লভাচার্যের অনুগামীদের অভিযোগ, 'মহারাজ' সিনেমার বিষয়বস্তু জনশৃঙ্খলায় ফাটল ধরতে পারে এবং এমনকি এই সম্প্রদায়ের অনুগামীদের বিরুদ্ধে হিংসা উস্কে দিতে পারে। আবেদনে বলা হয়, ১৮৬২ সালে ঘটে যাওয়া 'মহারাজ লায়াবেল কেস' এর রায় দিয়েছিলেন তৎকালীন ইংরেজ বিচারকরা। এছাড়া সিনেমাটি নিয়ে তেমন প্রচার না চালিয়ে এর মুক্তি পরিকল্পনা করা হয়েছে। এর কারণ এর চিত্রনাট্য সম্পর্কে নির্মাতারা বেশি তথ্য জানাতে দিতে চান না।

## পিতৃ দিবসে ছেলেমেয়েদের নিয়ে আবেগপ্রবণ করণ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১৬ জুন বাবাদের দিন। আজ এই বিশেষ দিনে বাবাকে পিতৃ দিবসের শুভেচ্ছাবার্তায় ভরিয়ে দিচ্ছেন সকলে। এই তালিকা থেকে বাদ যাননি বলিউডের তারকারাও। সোশ্যাল মিডিয়ায় তাদের পোস্ট দেখে সেটিই উপলব্ধি নেটিজেনদের। এই বিশেষ দিনে আবেগপ্রবণ পরিচালক-প্রযোজক করণ জোহর। সোশ্যাল মিডিয়ায় তার অনুরাগীদের সঙ্গে ভাগ করে নিলেন অদেখা কিছু ছবি এবং সঙ্গে জুড়লেন একটি লেখাও। বাবা যশ জোহরের সঙ্গে একটি ছবি দিয়ে করণ লেখেন, "আমার ভালবাসা, কাজ, লক্ষ্য সবকিছুই তোমায় দেখে শেখা। আমার এগিয়ে চলার পথে তুমিই অনুপ্রেরণা তুমি। আজও তোমায় খুব মনে পড়ে।" সেই সঙ্গে করণ জুড়লেন ছেলে যশ ও মেয়ে রুহীর ছবিও। বোঝা গেল, বাবা যশ জোহর, করণের বাবা হয়ে ওঠারও অনুপ্রেরণা। করণ জোহরের বাবা মায়ের নামের সঙ্গে মিল রেখেই ছেলে মেয়ের নামকরণ করেছেন তিনি। বাবা যশ জোহরের নাম অনুসারেই ছেলের নাম রেখেছেন 'যশ'। আর মা হীরু জোহরের নামের সঙ্গে মিল রেখে মেয়ের নাম রেখেছেন 'রুহী'। উল্লেখ্য, ২০১৭ সালে সারোগেসির মাধ্যমে বাবা হন করণ। করণ জোহরের এই পোস্ট নিমেষে ভাইরাল সোশ্যাল মিডিয়ায়। অনুরাগীদের মিষ্টি কমেন্টেও ভরে গেছে তার পিতৃ দিবসের পোস্ট।

## বিমানে সাবেক প্রেমিকাকে যে কথা বলেছিলেন মিঠুন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একসময়ে মন ভেঙেছিল অভিনেতা মিঠুন চক্রবর্তীর। হঠাৎই ছেড়ে চলে গিয়েছিলেন প্রেমিকা। সম্প্রতি এক রিয়্যালিটি শো-তে অতীতের কথা প্রকাশ্যে আনলেন তিনি।

বিখ্যাত হওয়ার আগে ছবির দুনিয়ায় জায়গা করে নিতে বেশ লড়াই করতে হয়েছিল অভিনেতাকে। আর সেই সময়েই মন ভেঙেছিল তার। রিয়্যালিটি শো-তে প্রেম ভাঙায় এক প্রতিযোগীর মনখারাপ ছিল। অভিনেতা সেই প্রসঙ্গেই বললেন, 'এ রকমই হয়েছিল আমার। প্রেমে পড়ে গিয়েছিলাম। পাগল হয়ে গিয়েছিলাম রীতিমতো। তার পরে সেটাই হল। মেয়েটি ছেড়ে চলে গেল। তার পরে সময় বদলাল। আমি তারকা হলাম। তার পর আরো বড় তারকা হলাম।'

মিঠুন আরো বললেন, 'একদিন আমি বিমানযাত্রা করছি। সেই মেয়েটিও ছিল ওই বিমানে। কিন্তু ও আমার চোখের দিকে তাকাচ্ছিল না। আমি উঠে ওর দিকে গেলাম। জিজ্ঞাসা করলাম, 'আমার দিকে তাকাচ্ছ না কেন'। ও তখন তাকাল। মনে হল, ওর অনুতাপ হচ্ছে। আমি ওকে সহজ করার জন্য বললাম, 'তখন তুমি যা করেছিলে, ঠিক করেছিলে'।'

এটা শুনে মেয়েটি কিছুটা আশ্বস্ত হয়েছিলেন বলে জানান মিঠুন। মেয়েটি বলেছিলেন, 'আমার মনে হয়, আমি ভুল করেছি। আমার ওটা তখন করা উচিত হয়নি।' উত্তরে মিঠুন বলেছিলেন, 'তুমি এসব না করলে হয়তো এত বড় তারকাও তৈরি হত না।'

## গ্যালারিতে উত্তেজিত আনুশকা, ভিডিও ভাইরাল




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গ্যালারিতে তিল ধারণের জায়গা নেই। মাঠে ব্যস্ত ভারতীয় ও পাকিস্তান ক্রিকেট টিম। গ্যালারির এক পাশে দাঁড়িয়ে বলিউড অভিনেত্রী আনুশকা শর্মা। এক ব্যক্তির সঙ্গে রেগে কথা বলছেন তিনি। তার চোখ-মুখ থেকে জড়ছে ক্রোধের আগুন। সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া একটি ভিডিওতে এমন দৃশ্য দেখা যায়।


ভারতীয় একাধিক গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, গত ৯ জুন অনুষ্ঠিত হয় ভারত-পাকিস্তান ম্যাচ। সেদিন গ্যালারিতে এমন রূপে ক্যামেরায় ধরা দেন আনুশকা। তবে ঠিক কি বিষয় নিয়ে এভাবে কথা বলছিলেন বিরাট ঘরনী তা অজানা।

আনুশকা শর্মাকে এমন রূপে দেখে বিস্মিত নেটিজেনরা। অনেকেই কটাক্ষ করে মন্তব্য করেছেন। ঐশ্বরিয়া নামে একজন ভিডিওর কমেন্ট বক্সে লেখেন, 'জয়া বচ্চনকে ছাড়িয়ে গিয়েছেন আনুশকা।' কল্যাণী লেখেন, 'আনুশকাকে মাঠে আসতে কে বলেছেন? সে তার নবজাতকের যত্ন নিক।' একজন লেখেছেন, 'আনুশকা সবসময়ই এমন রেগে থাকেন' এমন অসংখ্য মন্তব্য ভেসে বেড়াচ্ছে অন্তর্জালে।

দীর্ঘদিন ক্রিকেটার বিরাট কোহলির সঙ্গে চুটিয়ে প্রেম করেন আনুশকা। কিন্তু মিয়া-বিবি কেউ-ই মুখ খুলছিলেন না। সর্বশেষ ২০১৭ সালের ডিসেম্বরে বিয়ে করেন এই যুগল। ২০২১ সালের ১১ জানুয়ারি প্রথম কন্যা সন্তানের মা হন আনুশকা। চলতি বছরের ১৫ ফেব্রুয়ারি পুত্র সন্তানের মা হন এই তারকা।

## অভিনয় জগতে আসার আগে কী করতেন তারা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা অক্ষয় কুমার থেকে বোমান ইরানি, আরশাদ ওয়ারসি বলিপাড়ার একাধিক অভিনেতা অভিনয়জগতে আসার আগে নানা রকম পেশায় ছিলেন। কেউ চা বিক্রি করতেন, কেউ আবার দরজায় দরজায় গিয়ে বিক্রি করতেন নানা ধরনের প্রসাধনী। তালিকায় রয়েছেন আরো বলি তারকার নাম। নব্বইয়ের দশক থেকে বলিউডের সর্বোচ্চ উপার্জনকারী অভিনেতাদের তালিকায় নাম লিখিয়ে ফেলেছেন অক্ষয় কুমার। কিন্তু অভিনয়ে নামার আগে নানা ধরনের কাজ করতেন তিনি।

বলিপাড়া সূত্রে খবর, গয়নার দোকানে কাজ করতেন অক্ষয়। তার পর হোটেলে খাবার পরিবেশনের কাজও করেছেন তিনি। হিন্দি ফিল্মজগতের কৌতুকাভিনেতা হিসাবে জনপ্রিয় আরশাদ ওয়ারসি। 'মুন্নাভাই এমবিবিএস'-এর সার্কিট অভিনয় শুরুর আগে দরজায় দরজায় গিয়ে প্রসাধনী বিক্রি করতেন।

ছোটবেলা থেকে অর্থাভাবে দিন কেটেছিল বলি অভিনেতা বোমান ইরানির। মায়ের সঙ্গে একটি বেকারির দোকানে চা এবং কেক বিক্রি করতেন তিনি। ছবি তোলার শখ ছিল বোমানের। মুম্বইয়ে এক খ্যাতনামী আলোকচিত্রীর সঙ্গে কাজ করেছিলেন তিনি। তার পর ছবি তুলেও উপার্জন করতে শুরু করেন।

'রং দে বসন্তি' এবং 'ভাগ মিলখা ভাগ'-এর মতো জনপ্রিয় ছবি রয়েছে রাকেশ ওমপ্রকাশ মেহরার কেরিয়ারের ঝুলিতে। বলিপাড়ার অন্যতম খ্যাতনামী পরিচালক এবং প্রযোজক হিসাবে পরিচিতি গড়ে তুলেছেন তিনি। কিন্তু হিন্দি ফিল্মজগতে আসার আগে অন্য পেশায় ছিলেন রাকেশ।

বলিপাড়া সূত্রে খবর, ছবিনির্মাণের ক্ষেত্রে আসার আগে চা বিক্রি করতেন রাকেশ। এমনকি রোজগারের প্রয়োজনে ভ্যাকিউম ক্লিনারও বিক্রি করতে হয়েছে তাঁকে। শুধু হিন্দি ফিল্মজগতেই নয়, দক্ষিণী ইন্ডাস্ট্রিতেও এমন অভিনেতা রয়েছেন যারা অর্থাভাবের মধ্যে দিন কাটিয়েও ধাপে ধাপে নিজের স্বপ্নপূরণ করেছেন।

দক্ষিণী ফিল্মজগতের জনপ্রিয় অভিনেতা রজনীকান্তের প্রথম জীবন সম্পর্কে কমবেশি অনেকেই জানেন। অভিনয়ে আসার আগে তিনি বাসের কন্ডাক্টর ছিলেন। তামিল ইন্ডাস্ট্রির প্রথম সারির অভিনেতাদের মধ্যে নাম রয়েছে অজিত কুমারের। নব্বইয়ের দশক থেকে অভিনয় নিয়ে কেরিয়ার গড়ে তুলেছেন তিনি।

কানাঘুষো শোনা যায়, অভিনয়ে নামার আগে শাড়ি, জামাকাপড় বিক্রি করতেন অজিত। তাঁর বন্ধুর কাপড়ের ব্যবসা ছিল। সেখানেই কাজ করতেন তিনি। পরে সেই সংস্থার 'সেল্স' শাখায় কাজ করেন অভিনেতা।

# অজুহাত না দেখিয়ে ক্ষমা চাইলেন লঙ্কান অলরাউন্ডার



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : প্রায় এক দশক আগে টি-টোয়েন্টি বিশ্বকাপে শিরোপা জয়। এরপর থেকে শ্রীলঙ্কার সঙ্গী শুধুই হতাশা। আর চলতি বিশ্বকাপে তো হয়েছে রীতিমতো ভরাডুবি। এর আগের তিন আসরে দ্বিতীয় রাউন্ডে খেললেও এবার প্রথম পর্ব থেকেই বিদায় নিশ্চিত হয়ে গেছে লঙ্কানদের। শেষ ম্যাচের আগে তাই দেশবাসীর কাছে দুঃখপ্রকাশ করলেন অ্যাঞ্জেলো ম্যাথিউস।

দক্ষিণ আফ্রিকার বিপক্ষে মাত্র ৭৭ রানে গুটিয়ে গিয়ে শুরু হয় শ্রীলঙ্কার এবারের বিশ্বকাপ। এরপর বাংলাদেশ ম্যাচে ১২৪ রানের পুঁজি নিয়ে কিছুটা লড়াই করলেও শেষ পর্যন্ত পারেনি তারা। তবু টিকে ছিল লঙ্কানদের সুপার এইটে খেলার আশা। কিন্তু নেদারল্যান্ডসের বিপক্ষে বাংলাদেশের জয় টুর্নামেন্ট থেকে ছিটকে দিয়েছে তাদের। হতাশায় টুর্নামেন্টে আবাসন ব্যবস্থা, ভ্রমণক্লান্তি ও অন্যান্য ব্যবস্থাপনা নিয়ে শ্রীলঙ্কার প্রশ্ন তোলার জায়গা আছে অনেক। প্রথম রাউন্ডে ভিন্ন চার মাঠে চারটি ম্যাচ খেলা দুই দলের একটি তারা। এর সঙ্গে টিম হোটেল থেকে মাঠের অনেক বেশি দূরত্ব, ফ্লাইট বিলম্বসহ বেশ কিছু ঝামেলায়ই পড়তে হয় লঙ্কানদের। তবে এগুলোকে অজুহাত হিসেবে দেখাতে চান না ম্যাথিউস। শেষ ম্যাচের আগে সংবাদ সম্মেলনে নিজেদের ব্যর্থতা মেনে নিয়ে দেশবাসীর কাছে ক্ষমা চাইলেন শ্রীলঙ্কার অভিজ্ঞ অলরাউন্ডার।

তিনি জানান, “আমরা পুরো দেশকে হতাশ করেছি। আমরা সত্যিই দুঃখিত কারণ আমরা নিজেদেরকে হতাশ করেছি। আমরা কখনও এমনটা আশা করিনি। আমাদের অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়েছে। তবে সেগুলো দুর্ভাবনার কিছু নয়। এটি খুবই দুর্ভাগ্যজনক যে আমরা দ্বিতীয় রাউন্ডে যেতে পারিনি।”

সেন্ট লুসিয়ায় বাংলাদেশ সময় সোমবার ভোরে গ্রুপে নিজেদের শেষ ম্যাচে নেদারল্যান্ডসের মুখোমুখি হবে শ্রীলঙ্কা। তাদের জন্য ম্যাচটি শুধুই নিয়মরক্ষার। তবে বেশ কিছু যদি-কিন্তুর ওপর টিকে আছে ডাচদের সুপার এইট খেলার আশা। তাই নেদারল্যান্ডস যে কঠিন চ্যালেঞ্জ ছুড়ে দিতে পারে, সেটি নিয়ে সংশয় নেই ম্যাথিউসের।

তিনি বলেন, “আমরা কোনো দলকে হালকাভাবে নিতে পারি না। নেপাল কীভাবে দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে দিচ্ছিল আমরা দেখেছি। এটি দুর্ভাগ্যজনক যে নেপালের বিপক্ষে আমাদের ম্যাচটি বৃষ্টিতে ভেসে গেছে। তবে যা হওয়ার হয়ে গেছে। টুর্নামেন্টে আমাদের আর একটি ম্যাচ বাকি। আমরা নিজেদের সম্মানের জন্য খেলব।”

ম্যাথিউস আরও বলেন, “নিজেদের প্রতি সুবিচার করতে পারিনি আমরা। বিশেষ করে প্রথম দুই ম্যাচ যেভাবে খেলেছি, খুবই দুর্ভাগ্যজনক। আমরা হতাশ। নিজেদের মধ্যে আমরা অনেক কষ্ট পাচ্ছি। আগামীকাল নতুন দিন এবং নেদারল্যান্ডসের বিপক্ষে আমাদের খেলতে হবে। তারা খুব, খুব বিপজ্জনক দল। তাই আমরা ভালো খেলে তাদের হারাতে চাই।”

# আইসিসির 'প্রি-সিডিং' পদ্ধতি নিয়ে প্রশ্ন তুললেন স্টার্ক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : টি-টোয়েন্টি বিশ্বকাপে আইসিসির 'প্রি-সিডিং' পদ্ধতি নিয়ে হচ্ছে আলোচনা-সমালোচনা। চলমান এই চর্চায় শামিল হয়েছেন মিচেল স্টার্কও। বৈশ্বিক আসরে আগে থেকে সুইপার এইটে জায়গা নির্ধারণের এই নিয়ম একদমই ভালো লাগেনি অস্ট্রেলিয়ার অভিজ্ঞ পেসারের।

টুর্নামেন্ট শুরুর আগে থেকেই আটটি দলকে 'সেরা বাছাই' হিসেবে নির্ধারণ করে রেখেছে আইসিসি। তাই সুপার এইটে উঠলে তাদের জায়গা কোথায় হবে, সেটাও আগে থেকে জানা এই দলগুলোর। গ্রুপ সেরা কিংবা রানার্সআপের কোনো হিসেব নেই তাদের জন্য।

ভারত এ১, পাকিস্তান এ২, ইংল্যান্ড বি১, অস্ট্রেলিয়া বি২, নিউজিল্যান্ড সি১, ওয়েস্ট ইন্ডিজ সি২, দক্ষিণ আফ্রিকা ডি১ ও শ্রীলঙ্কা ডি২: এভাবে করা হয়েছে সিডিং। আর সুপার এইটে এক নম্বর গ্রুপে এ১, বি২, সি১ ও ডি২ এবং দুই নম্বর গ্রুপে এ২, বি১, সি২ ও ডি১ রাখা হয়েছে। সিডিং করা ৮ দলের কেউ পরের ধাপে উঠতে না পারলে তাদের জায়গায় যারা উঠবে, তারা পাবে বাদ পড়া দলের সিডিং নম্বর।

'বি' গ্রুপের সেরা হওয়া অস্ট্রেলিয়ার সুপার এইটে জায়গা হয়েছে পূর্বনির্ধারিত দুই নম্বরে গ্রুপে। যেখানে তাদের সঙ্গে আছে আরেক গ্রুপ চ্যাম্পিয়ন ভারত। ওই গ্রুপে থাকা আফগানিস্তানেরও সম্ভাবনা রয়েছে গ্রুপ সেরা হওয়ার। অর্থাৎ সুপার এইটে একই পুলে দেখা যেতে পারে তিনটি গ্রুপ চ্যাম্পিয়ন দলকে।

আইসিসির এই 'প্রি-সিডিং' পদ্ধতির পক্ষে নন স্টার্ক। স্কটল্যান্ডকে হারানো পর গতিময় এই পেসার জানালেন নিজের অবস্থান। তিনি বলেন, “আমার মনে হয়, আগে থেকে জায়গা নির্ধারণ (প্রি-সিডিং) নিয়ে প্রশ্ন তোলা যায়। আমি এটার পক্ষে কিনা, নিশ্চিত নই।”

## কোহলির ফর্মহীনতা নিয়ে যা বলছেন ভারতীয় কোচ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : টি-টোয়েন্টি বিশ্বকাপে গিয়ে মুদ্রার অপর পিঠ দেখছেন সবশেষ আইপিএলের সর্বোচ্চ রানসংগ্রাহক বিরাট কোহলি। চলতি টি-টোয়েন্টি বিশ্বকাপে গ্রুপ পর্বের প্রথম তিন ম্যাচে মাত্র ৫ রান করেছেন তিনি। আমেরিকার বিরুদ্ধে প্রথম বলেই শূন্য রানে আউট হয়েছেন। যা নিয়ে উদ্বিগ্ন ভারতীয় ক্রিকেট মহল। যদিও তারকা ব্যাটারের ফর্ম নিয়ে চিন্তিত নয় টিম ম্যানেজমেন্ট। বিশ্বকাপের পরবর্তী ম্যাচগুলোতে কোহলি রানে ফিরবেন বলে আশা ভারতীয় ব্যাটিং কোচ বিক্রম রাঠোরের।

ফ্লোরিডায় ভারত-কানাডার মধ্যকার গ্রুপপর্বের শেষ ম্যাচ খেলার কথা ছিল। কিন্তু বৃষ্টিতে ভেসে গেছে নিয়মরক্ষার ম্যাচটি। যার পরবর্তীতে কোহলিকে নিয়ে সংবাদ সম্মেলনে বিক্রম রাঠোর বলেন, কোহলিকে নিয়ে যখন আমাকে প্রশ্ন করা হয় যে সে ভালো করছে কি না। তখন আমি একটাই কথা বলতে চাই যে, চিন্তার কিছু নেই। তিনি (কোহলি) ফর্মে ফিরে এসেছেন। আইপিএল থেকেই দুর্দান্ত ব্যাটিং করছেন এবং বলতে পারি যে সে ভালো ব্যাটিং করছে।'

তিনি আরো বলেন, 'সে আরো ভালো ব্যাট করার জন্য ক্ষুধার্ত এবং এর জন্য প্রস্তুত। আমি মনে করি এটা একজন ব্যাটসম্যান হিসেবে ভালো দিক। আমরা আসন্ন কিছু ভালো ম্যাচের জন্য প্রস্তুত। আমরা তার কাছ থেকেও কিছু ভালো ইনিংস আশা করছি।'

এখন পর্যন্ত খেলা তিনটি ম্যাচেই ওপেনিংয়ে নেমে ব্যর্থ হয়েছেন সাবেক ভারতীয় অধিনায়ক। আয়ারল্যান্ডের বিপক্ষে ১ এবং পাকিস্তানের বিপক্ষে ৪ রান করেন কোহলি। এরপর যুক্তরাষ্ট্রের বিপক্ষে ফিরেছেন রানের খাতা খোলার আগেই। মনে করা হয়েছিল কানাডার বিপক্ষে কালকের ম্যাচে অন্তত রানে ফিরবেন, এছাড়া আগের ম্যাচগুলোতে একাদশে সুযোগ না পাওয়া যশস্বী জয়সওয়াল ও সঞ্জু স্যামসনরা হয়তো সুযোগ পেতেন। কিন্তু বেরসিক বৃষ্টির কারণে তাদের আর ব্যাটিংটা ঝালিয়ে নেয়া হলো না। এদিকে, কোনো ম্যাচে না হেরেই গ্রুপপর্ব শেষ করেছে। যদিও গ্রুপ পর্বে তাদের একমাত্র কঠিন ম্যাচ ছিল পাকিস্তানের বিপক্ষে, যেখানে টিম ইন্ডিয়া ৬ রানে জিতেছিল। অবশ্য যুক্তরাষ্ট্রের বিপক্ষেও তাদের সংগ্রাম করতে হয়েছে কিছুটা, তবে সূর্যকুমার যাদবের ফিফটিতে তারা সহযোগী দেশটির বাধা অতিক্রম করেছে। যারা পাকিস্তানকে গ্রুপপর্বে হারিয়ে ছিটকে দিয়েছে বিশ্বকাপ থেকে। এ ছাড়া আয়ারল্যান্ডের বিপক্ষে সহজ জয় পায় রোহিত-কোহলিরা।

# আন্তর্জাতিক ক্রিকেটে শেষ ম্যাচটি খেলে ফেললেন ভিসা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : জফ্রা আর্চারের স্লোয়ার ডেলিভারি উড়িয়ে মারলেন ডেভিড ভিসা। কিন্তু সীমানা পার করতে পারলেন না। হ্যারি ব্রুকের হাতে ধরা পড়ে গেলেন নামিবিয়ার অলরাউন্ডার। মাঠ ছাড়ার সময় তার সঙ্গে হাত মেলাতে এগিয়ে এলেন ইংল্যান্ডের ক্রিকেটাররা। সীমানার বাইরে যাওয়ার পর সতীর্থরাও একে একে অভিবাদন জানালেন ভিসাকে।

এই দৃশ্য দেখেই আঁচ পাওয়া যাচ্ছিল, হয়তো নামিবিয়ার হয়ে শেষ ম্যাচটি খেলে ফেললেন ভিসা। পরে সংবাদ সম্মেলনে তিনি নিজেই দিলেন অবসরের ঘোষণা। বিশ্বকাপে ইংল্যান্ডের বিপক্ষে ম্যাচটিই তাই হয়ে রইল আন্তর্জাতিক ক্রিকেটে তার শেষ ম্যাচ।

বৃষ্টিবিঘ্নিত ম্যাচে ১০ ওভারে ১২৬ রানের লক্ষ্যে সপ্তম ওভারে ব্যাটিংয়ে নামেন ভিসা। দুটি করে চার-ছক্কায় মাত্র ১২ বলে ২৭ রান করেন তিনি। এর আগে বল হাতে ২ ওভারে মাত্র ৬ রানে নেন একটি উইকেট।

অলরাউন্ড নৈপুণ্যে ভিসা উজ্জ্বল থাকলেও ডাকওয়ার্থ লুইস স্টার্ন পদ্ধতিতে ৪১ রানে হেরে শেষ হলো ভিসার ক্যারিয়ার। অবসরের ঘোষণা দিয়ে তিনি বললেন, এটিই তার কাছে সঠিক সময়।

তিনি জানান, “পরবর্তী টি-টোয়েন্টি বিশ্বকাপের দুই বছর বাকি। আমার বয়স এখন ৩৯। তাই আন্তর্জাতিক ক্রিকেটের বিবেচনায় আমার মধ্যে আর কতটা ক্রিকেট বাকি, তা জানি না। অবশ্যই আরও কয়েক বছর খেলতে পছন্দ করব। আমি মনে করি, আমার এখনও অনেক অবদান রাখার আছে।”

তিনি আরও জানান, “তবে আমার মনে হয়েছে, ব্যক্তিগতভাবে নামিবিয়ার হয়ে বিশেষ ক্যারিয়ার শেষ করার জন্য এর চেয়ে ভালো জায়গা আর কী হতে পারে! তাদের (নামিবিয়া) হয়ে আমার অনেক ভালো সময় গেছে এবং বিশ্বকাপে ইংল্যান্ডের মতো বিশ্বমানের দলের বিপক্ষে শেষ ম্যাচ খেলাই আমার জন্য সঠিক সময় মনে হয়েছে।”

দক্ষিণ আফ্রিকায় জন্ম ও বেড়ে ওঠা পেস বোলিং অলরাউন্ডারের ক্যারিয়ারের শুরুটাও হয় প্রোটিয়া জার্সিতে। জন্মভূমির হয়ে ৬টি ওয়ানডে ও ২০টি টি-টোয়েন্টি খেলার পর ২০১৬ সালে কলপাক চুক্তি করেন ভিসা। এর পাঁচ বছর পর নামিবিয়ার হয়ে খেলার অনুমতি পান তিনি।

২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপে নামিবিয়ার হয়ে অভিষেক হয় ভিসার। এরপর দেশটির হয়ে ৯ ওয়ানডে ও ৩৪ টি-টোয়েন্টি খেলে থামলেন গত মাসে ৩৯ বছর পূর্ণ করা অলরাউন্ডার। সব মিলিয়ে টি-টোয়েন্টিতে ৬২৪ রান ও ৫৯ উইকেট এবং ওয়ানডেতে ৩৩০ রান ও ১৫ উইকেট নেন ভিসা।

আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেও ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটে দেখা যেতে পারে ভিসাকে। গত এক বছরে দক্ষিণ আফ্রিকার সিএসএ টি-টোয়েন্টি২০ চ্যালেঞ্জ, পিএসএল, এসএটোয়েন্টি, দা হান্ড্রেড ও ব্লাস্টে খেলেছেন ভিসা। হান্ড্রেডে নর্দার্ন সুপারচার্জার্স তাকে নতুন মৌসুমের জন্যও দলে রেখে দিয়েছে।

# আফগানদের হারিয়ে দাপুটে জয় ভারতের



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : দিনের দিকে খেলা হওয়াতেই আত্মবিশ্বাসের সুর ছিল আফগান কোচ জনাথন ট্রটের কণ্ঠে। কেননা রাতে হলে শিশির পরার খুব একটা সম্ভাবনা ছিল।

কিন্তু এর ফলে পেসাররা বাড়তি সুইং, পান না স্পিনাররা স্পিন পান না। টস হেরে আগে বোলিংয়ে নেমে এক রশিদ খান ছাড়া কোনো বোলারই আস্থার প্রতিদান দিতে পারেনি।

বৃহস্পতিবার সুপার এইটের ম্যাচে টস জিতে ৮ উইকেট হারিয়ে ১৮১ রান পেয়েছে ভারত। তাড়া করতে নেমে ১৩৪ রানেই গুটিয়েছে আফগানরা। ভারতের হয়ে তিনটি করে উইকেট নেন জাসপ্রিত বুমরাহ। আফগানদের ব্যাটিংয়েল সর্বোচ্চ ২৬ রান আসে আজমতউল্লা ওমরজাইয়ে কাছ থেকে। এছাড়া আর কেউই দাঁড়াতে পারেননি।

এর আগে ভারতের জয়ের কাজটা সহজ করে দেন সূর্যকুমার যাদব। চারে নেমে ৫ চার ও ৪ ছক্কায় ৫৩ রান করেন। এছাড়া হার্দিক পান্ডিয়া ৩২, বিরাট কোহলি ২৪ ও ঋষভ পন্ত ১২ রান করেন। আফগানদের হয়ে তিনটি করে উইকেট নেন রশিদ খান ও ফজলহক ফারুকি।

# মিশন সুপার-৮:

## বৃষ্টি আইনে ২৮ রানে হারল বাংলাদেশ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : টি-টোয়েন্টি বিশ্বকাপের সুপার এইটের প্রথম খেলায় অস্ট্রেলিয়ার কাছে বৃষ্টি আইনে (ডিএলএস মেথড) ২৮ রানে হেরেছে টাইগাররা।

টস হেরে ব্যাট করতে নামা নাজমুল হোসেন শান্তর দল ব্যাটিং বিপর্যয়ের কারণে শক্তিশালী অস্ট্রেলিয়াকে বড় রানের লক্ষ্য দিতে পারেনি।

১৪১ রানের টার্গেটে খেলতে নেমে অস্ট্রেলিয়া দুরন্ত সূচনা করে। ডেভিড ওয়ার্নার-ট্রাভিস হেড ওপেনিং জুটিতে করেন ৬৫ রান। মাঝেই চলে বৃষ্টির বাগড়া। বৃষ্টি শেষে ম্যাচ মাঠে গড়ালেও ১২ ওভারও খেলতে পারেনি অস্ট্রেলিয়া।

১১.২ ওভারে ২ উইকেটে হারিয়ে ১০০ রান করে অজিরা। ঠিক সেসময় আবার বৃষ্টি হানা দিলে বৃষ্টি আইনে অজিদের বিজয়ী ঘোষণা করা হয়।

টস জিতে বাংলাদেশকে ব্যাটিংয়ে পাঠিয়েছিল অজিরা। প্রথম ওভারেই মিশেল স্টার্কের শিকার হয়ে সাজঘরে ফেরেন ওপেনার তানজিদ হাসান তামিম। লিটন দাস ধীর গতিতে ২৫ বল খেললেও আউট হয়েছে ১৬ রানে।

অধিনায়ক নাজমুল হোসেন শান্ত ৩৬ বলে ৪১ রান করেছিলেন। তবে চারে নামা রিশাদ সুবিধা করতে পারেননি। ৪ বলে ২ রান করে সাজঘরে ফিরেছেন।

পাঁচে নেমে তাওহিদ হৃদয় ২৮ বলে ৪০ রানের ইনিংস খেলেছেন। ছয়ে নামা সাকিব আল হাসানের ব্যাটও আজ হাসেনি। ১০ বলে করেছেন ৮ রান। তাসকিন করেছেন ৭ বলে ১৩ রান। আর চলতি আসরে প্রথবার দলে সুযোগ পাওয়া শেখ মেহেদী ফিরেছেন শূন্য রানে।

অজিদের হয়ে প্যাট কামিন্স নিয়েছেন সর্বোচ্চ তিন উইকেট। আর অ্যাডাম জাম্পার শিকার ২। সবমিলিয়ে ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১৪০ রান তুলতে পেরেছিল বাংলাদেশ।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১

■Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR